
শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভর্নমেন্ট স্পনসর্ভ)

0

শতবর্ষ স্মরণিকা



>>> - >0>0



শৈলেন্দ্র সরকার বিদ্যালয়

(গভর্নমেন্ট স্পনসর্ড)

শতবর্ষ স্মরণিকা

সম্পাদক: সন্দীপন সেন

0000

সহযোগী সম্পাদক : হরিনাথ নন্দ

CC#8時のこの報告:阿田阿可

৭ জানুয়ারি, ২০১৯



শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভর্নমেন্ট স্পনসর্ড) শতবর্ষ স্মরণিকা

Sailendra Sircar Vidyalaya
(Government Sponsored)
Centenary Souvenir

৭ জানুয়ারি ২০১৯ 7th January 2019

প্রকাশক:

ড. সহদেব বন্দ্যোপাধ্যায় প্রধান শিক্ষক ও সম্পাদক শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভর্নমেন্ট স্পানসর্ড) ৬২এ, শ্যামপুকুর স্ট্রিট কলকাতা - ৭০০ ০০৪

শতবর্ষ সার্বাবকা

সম্পাদক: ড. সন্দীপন সেন সহযোগী সম্পাদক : হরিনাথ নন্দ

সম্পাদনা সহযোগিতা : স্যুভেনির কমিটির সদস্যবৃন্দ

প্রচ্ছদ : ড. সহদেব বন্দ্যোপাধ্যায়

মুদ্রক এ. কে. আর. ইমপ্রেশান ৩৭এ, রাজা রাজবল্লভ স্ট্রীট, কলকাতা-৩ চলভাষ: ৯৮৩১০৯৪৬১১ শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মর্গিকা

CENTENARY CELEBRATION PROGRAMME of

SAILENDRA SIRCAR VIDYALAYA (GOVT. SPONSORED) PERIOD: 5TH JANUARY 2019 - 5TH JANUARY 2020

CELEBRATION CENTRAL COMMITTEE:

President: Dr. Sahadev Bandyopadhyay

Members:

- Sri Timir Baran Maiti
- 2) Biswajit Debroy
- 3) Tushar Kanti Chakraborty

- 4) Snehasish Saha
- 5) Arun Kanti Mallik
- 6) Arabinda Kr. De

- Harinath Nanda
- 8) Saktinath Dev
- 9) Dr. Barun Khanra

- Proloy Dutta
- 11) Satyajit Mehta
- 12) Somasish Roy

- Smt. Sukla Nath
- 14) Somnath Halder

SATABARSHA UDJAPAN COMMITTEE (Extended):

President: Hon'ble Justice Shyamal Kumar Sen

Members

- 1) Dr. Sahadev Bandyopadhyay
- Sri Sudip Bandyopadhyay

3) Dr. Shashi Panja

- 4) Sri Sadhan Saha
- 5) Smt. Karuna Sengupta
- All Central Committee members

- Head Masters of
- 1. Shambazar A.V. School 2. Town School 3. Calcutta Vidyabhavan 4. Saraswati Balika Vidyalay O Silpa Siksha Sadan 5.Duff School 6. Giribala S. Vidyalaya 7. M.C.P.I 8. Ramakrishna Sarada Mission Sister Nivedita Girls' School 9. Shyambazar Balika Vidyalaya
- Principals of
- 1, Seth Anandaram Jaipuria College 2. Raja Manindra Chandra Col-
- lege 3. Baghbazar Women's College
- **Ex-student Category**
- 1. Prof. Asoke Mukherjee 2. Prof. Ashoke Sen 3. Brahmatosh Chatterejee 4. Dr. Ganesh Bedajna 5. Prof. Bibek Chatterjee 6. Bhashkar Ganguly
- 7. Asish Roy Chowdhury 8. Prof. Shibaji Roy 9. Koushik Mukherjee 10. Krishanu Basak 11. Meghnad Bhattacharjee 12. Surajit Bandyopadhyay 13. Subhrajit Dutta 14. Saptak Bhattacharjee 15.
- Soumyaditya Mukheriee
- Ex- Teacher Category: 1. Sri Ratan Biswas 2. Sri Tapan Kr. Bhattacharya 3. Ajit Kr. Roy
 - 4. Sri Pradip Pal 5. Dr. Sashanka Purkait

O.I.C: Shyampukur Police Station

SUB-COMMITTEES

Cultural Committee:	Timir Baran Maiti (Convenor), Tushar Kanti Chakraborty, Subhasish Jana, Moumita Singha Sarkar, Jayasree Mukhopadhyay, Priyankar Bhattacharya.
Drama Committee: /////////////////////////////////	Satyajit Mehta, Moumita Singha Sarkar, Pralay Dutta, Pampa Mukherjee, Enakshi Deb, Biswajit Debroy. Anupam Biswas.
Souvenir Committee: Vinoder And Charles Common Committee Vinoder And Charles Common Common Committee Vinoder And Charles Committee Vinoder And Cha	Dr. Sandipan Sen (Convenor), Harinath Nanda, Dr. Manas Das, Priyankar Bhattacharya, Rahul Chakraborty, Abhoy Ghoshal.
Refreshment Committee: Animal Manager Animal Add (0) Animal Manager Animal Add (0) Animal Manager Animal Manage	Kallol Garai (Convenor), Ranjan Kr. Biswas, Yogesh Gond, Pradip Chakraborty, Debkalyan Sur, Somenath Halder, Sujoy Guin, Chandan Mazumdar.
Arrangement & Decoration Committee:	Dr. Sahadev Bandyopadhyay (Convenor), Somasis Roy, Dr. Barun Khanra, Krishanu Basak, Bimal Roy, Sabyasachi Bose.
Reception Committee:	Arun Kanti Mallick (Convenor), Ajit Mondal, Tanusree Sen, Moumita Singha Sarkar, Gargi Mukherjee, Biswajit Debroy.
Exhibition Committee:	Timir Baran Maiti (Convenor), Pranab Gayen, Pralay Dutta, Somasis Roy, Priyankar Bhattacharya, Dr. Barun Khanra, Susmita Paul Chowdhury, Krishanu Basak,

• Other Functions :

Sports Committee:

Advertisement Committee:

• Inter School Competetion Committee:

Meeting, Liaison & Office Works Committee :

Rajib Seal. Tushar Kanti Chakraborty (Convenor), Arun Kanti Mallick, Tapan Parua, Saptarshi Mitra, Krishanu Basak, Saktinath Dey, Barun Khanra, Debraj Das.

Saktinath Dey (Convenor), Priyankar Bhattacharya, Tapan Parua, Sourav Chatterjee, Mantu Kr. Bera. Dr. Sahadev Bandyopadhyay (Convenor), Timir Baran Maiti, Harinath Nanda, Saktinath Dey, Dr. Barun Khanra

Biswajit Debroy (Convenor), Harinath Nanda, Priyankar Bhattacharya, Tushar Kanti Chakraborty.

Somnath Halder (Convenor), Santokhi Dosad, Sridhar Tripathi, Sujoy Guin, Bimal Roy, Rabin Ghose, Aloke Ghosh, Anindya Ghosh, Srikrishna Saha, Monalisa Chakraborty, Namrata Basu Mallik.

<u>-</u> শৈলেন্দ্র সরকার বিদ্যালয় ● শতবর্ষ স্মরণিকা =

Telephone No: 2200-1641 Fax No. : 2200-0020



ADDITIONAL CHIEF SECRETARY
TO THE GOVERNOR
WEST BENGAL

Raj Bhavan, Kolkata-700 062 e-mail: secy-gov-wb@nic.in

No. 30 - 6

Dated: 4 | 1 1 1 9

MESSAGE

Shri Keshari Nath Tripathi, Hon'ble Governor of West Bengal is glad to learn that Sailendra Sircar Vidyalaya is going to celebrate its 100 years of existence from 5th January, 2019.

The Governor extends his felicitations and best wishes to all those associated with the school and congratulates them on the occasion.

Satish Chandra Tewary

Dr. Sahadev Bandyopadhyay, Headmaster & Secretary, Sailendra Sircar Vidyalaya. [e. mail: kolkatassv@gmail.com] মমতা ব্যানাজ্জী ममता बैनर्जी متاينر .كى Mamata Banerjee



मुख्यमंत्री, पश्चिम बनान पुख्यमंत्री, पश्चिम बनान लंद्रायी مخرلي كال

CHIEF MINISTER, WEST BENGAL



4th January, 2019

MESSAGE

I am happy to know that the **Centenary Celebration** of **Sailendra Sircar Vidyalaya**, Shyampukur Street, Kolkata, will commence in a befitting manner in the first week of January, 2019 and souvenir will also be brought out to commemorate the grand event.

On this memorable occasion, I convey my heartiest greetings and best wishes to all the students, teachers and the support staff of the school, both past and present, and wish the celebration all success.

(Mamata Banerjee)

The Secretary & Headmaster Sailendra Sircar Vidyalaya 62A, Shyampukur Street Kolkata – 700 004

> Nabanna, West Bengal Secretariat, Howrah - 711 102 West Bengal, India

Tel: +91-33-22145555, +91-33-22143101 Fax: +91-33-22144046, +91-33-22143528 Dr. Partha Chatterjee



Minister-in-charge Departments Higher Education, School Education, Parliamentary Affairs Government of West Bengal

No. -706/MIC/HED, SED&PA/WB/18-19

MESSAGE

I am delighted to know that well-known school "Sailendra Sircar Vidyalaya" is going to complete its glorious hundred years in coming January, 2019. For great reason I would like to congratulate each and every person associated with the school and expect its outstanding success in the future.

(Dr. Partha Chatterjee)

Dr. S. D. Bandyopadhyay Secretary & Headmaster Sailendra Sircar Vidyalaya

Bikash Bhavan, Salt Lake, Kolkata-700 091, Tel: 2334 6181/2256, 2337 6172, Fax: 2337 6783/2358 8858 Nabanna: 325, Sarat Chatterjee Road, Howrah -711 102, Room No. 101, Telefax: 2250 1157

শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা :

Dr. SHASHI PANJA

Minister-Of-State (Independent Charge)

Department of Women and Child Development and Social Welfare Government of West Bengal Office: - Bikash Bhavan, East Block, 10th Floor Salt Lake, Kolkata - 700 091

Off.: 033 2334-5666 Fax: 033 2337 - 3869 E-mail: shashipanja@yahoo.com

এস.পি./ ১১০১ /১৮-১৯/কোল



ডাঃ শশী পাঁজা

রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্ব)

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগ পশ্চিমবঙ্গ সরকার। অফিসঃ বিকাশ ভবন, (১০তলা), সন্টলেক, কলকাতা - ৯১ দুরভাষঃ ০৩৩২৩৩৪-৫৬৬৬ ফ্যাক্সঃ ০৩৩২৩৩৭-৩৮৬৯

২৮শে নভেম্বর, ২০১৮

''সুনাম নিয়ে দেশে বিদেশে শৈলেন্দ্র সরকার বিদ্যালয় শতবর্ষে''

আমি জেনে অত্যন্ত আনন্দিত হলাম যে, শৈলেন্দ্র সরকার বিদ্যালয় শতবর্ষে পর্দাপন করেছে।

এই বিদ্যালয় তাঁর জন্মলগ্ন থেকেই উত্তর কোলকাতার বুকে মাথা উঁচু করে পথচলা শুরু করেছে। কালক্রমে সমগ্র কোলকাতা পেরিয়ে সারা দেশে তার সৌরভে সুবাসিত করেছে।

বহুগুনীজনদের গড়ে তুলে এই বিদ্যালয় বিশ্বের দরবারে কোলকাতা, তথা বাংলা পেরিয়ে বিশ্ববাংলার মুখ উজ্জল করেছে। সেই কৌলিন্য আজও চিরভাম্বর। আমার বিশ্বাস আগামীদিনেও এই সুনাম অক্ষুর থাকবে।

এই বিদ্যালয়ের সঙ্গে যুক্ত সকলকে আমার অভিনন্দন জানাই। শতবর্ষ উপলক্ষ্যে আপনাদের বিবিধ কর্মসূচীর সার্থক রুপায়ণ ক্কামনা করি।

সকলে ভালো থাকবেন, সুস্থ থাকবেন।

শুভেচ্ছা সূহ সৈত্ৰা সামী (ডাঃ শশী পাঁজা)

Sailendra Sircar Vidyalaya

ডাঃ সহদেব বন্দ্যোপাধ্যায় প্রধান শিক্ষক শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভঃ স্পনসরড) ৬২এ, শ্যামপুকুর স্ট্রীট, কোলকাতা-৭০০০০১

Shyamal Kumar Sen

ormerly Governor, West Bengal, Chief Justice, Allahabad High Court, Chairperson, West Bengal Human Rights Commission 50, Ramkanta Bose Street, Kolkata -700003 Phone: 2555-9333,2533-0343 E-mail: senshyamalkumar66@gmail.com

Dated, Kolkata, the 14 December, 2018

MESSAGE

I am happy to note that Sailendra Sircar Vidyalaya (Government Sponsored), our School is going to celebrate the Centenary Celebration during the years 2019 & 2020. School always maintained tradition, discipline and integrity apart from imparting a good standard of education. Many students of the School secured excellent ranks in the School Leaving Examinations. Also many students of this School and their mark representing Country in Sports and Games.

The School has all along maintained high reputation and I believe that the School will be able to continue the same standard in years to come. Presently, the School is also a leading School in North Calcutta.

I wish the Centenary Celebration programme all success.

(Shyamal Kumar Sen)

Dr. S. D. Bandopadhyay Secretary and Headmaster Sailendra Sircar Vidyalaya Kolkata-700004 শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

Sadhan Saha

Councillor, Ward No. 16
Chairman, Borough-II
The Kolkata Municipal Corporation



Mailing Address: 121B, Raja Dinendra Street, Kolkata - 700 004 Mob.: 9831868515

To Dr Sahadev Bandyopadhyay Headmaster & Secretary National Teacher Sailendra Sircar Vidyalaya 62A Shyampukur Street, Kolkata 700 004

Respected Dr Bandyopadhyay,

It is a great pleasure to learn from you as the Headmaster and Secretary, Sailendra Sircar Vidyalaya, one of the most well known schools of the city, that your school will celebrate its centenary from January 2019 onwards, and I congratulate you and all others of the school including its alumni, retired teachers and non-teaching staff, for the level of enthusiasm on the part of all for making the centenary celebration a grand one and for your widely known dedication to teaching and affection for your students.

Our pioneers in education in Bengal before the advent of western education and thereafter both during and after the Bengal Renaissance were fully aware of the need of education of children, and the locality where the school came up needed a school for quality education. Peary Charan Sircar whose pioneering work for first lessons in English was followed by all primary school students in Bengal including even Rabindranath Tagore and by many elsewhere in India during the nineteenth century and afterwards as well founded the School in January 1920. Such pioneers in education and other fields of social service and upliftment believed strongly in their mission for a strong Bengal and inculcation of Bengalee culture among the students and young men and women.

The immense contributions, both monetary and otherwise, by the founders and others of your school who fostered the growth of the school as also by the legendary teachers who dedicated their lives to imparting education and career with total integrity, will definitely be highlighted during the centenary celebrations which I look forward to, and I wish all the best personally and also on behalf of one and all at the Borough II of The Kolkata Municipal Corporation.

I wish that the school be reckoned all the more as an institution of further excellence after its Centenary in its journey for empowerment of its students and also teachers and other staff from all the strata of the society by promoting academic and work place excellence, employability, entrepreneurship and leadership in all spheres of life and activities with social commitments as a whole as its North Star.

Kolkata 700 006, 05th December, 2018

CHAIRMAN, BOROUGH II
THE KOLKATA MUNICIPAL ARRAPION

Chairman, Br-II
The Kolkata Municipal Corporation

= শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

Karuna Sengupta

Councillor Ward No. 10 The Kolkata Municipal Corporation



Residence: 79/3/2A, Raja Naba Krishna St.

Kolkata - 700 005 Phone: 2530 1304 Date: 9. /2 2018

শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভর্ণমেন্ট স্পনসর্ড) উত্তর কলকাতার একটি আদর্শ বিদ্যালয়। এই বিদ্যালয়টির শতবর্ষ পূর্ণ হতে চলেছে জেনে খুবই আনন্দিত হলাম। এই বিদ্যালয়টির শিক্ষা পদ্ধতি অত্যম্ভ উচ্চ মানের।

আমি বিদ্যালয়ের সর্ব্বাঙ্গীণ উন্নতি কামনা করি।

२६५ मेर (५५ म २ २ ५५ (क्क्रण (सम्बर्ध)

প্রতি ঃ ডঃ সহদেব বন্দ্যোপাধ্যায় প্রধান শিক্ষক ও সম্পাদক শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভঃ স্পনসরড) ৬২এ, শ্যামপুকুর স্ট্রীট, কোলকাতা - ৭০০ ০০৪

স্মৃতির ঝুলির সম্পাদকীয়

সন্দীপন সেন, প্রাক্তন ছাত্র (মাধ্যমিক ১৯৭৬)

রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর জীবনস্মৃতি-র ভূমিকায় লিখেছেন, 'স্মৃতির পটে জীবনের ছবি কে আঁকিয়া যায় জানি না।' আমরা সাধারণ মানুষ, তাঁর মতো মহাপ্রতিভাধর নই — তবু আমাদের মতো নগণ্য মানুষের জীবনেও স্মৃতির ছবি থাকে, আর সে ছবির এক বড়ো অংশ অধিকার করে রাখে ছাত্রজীবন। অধিকাংশ মানুষের কাছেই ছাত্ৰজীবন মানে নানা রঙে উদ্ভাসিত বিচিত্ৰ এক অধ্যায়— সুখ, আনন্দ, উচ্ছ্মাস আর নিবিড় অনুভূতির এক বৰ্ণময় কোলাজ। অনেকেই হয়তো একমত হবেন, ছাত্রজীবনে—বিশেষত ইস্কুলজীবনে — দুঃখ বা বেদনার অনুভূতির অভিজ্ঞতা সাধারণত থাকে না। মানুষের আশাভঙ্গের বেদনা, জীবনে অপ্রাপ্তির আক্ষেপ কিংবা প্রিয়বিচ্ছেদজনিত দুঃখের অনুভবের বোধ জাগার জন্যে জীবনের যে পূর্ণতা প্রয়োজন ইস্কুলজীবনে তা সাধারণত অধরা থাকে। তাই, সাবালকত্ব অর্জনের আগে দুঃখ বা বেদনার বোধ মানুষকে খুব বিপর্যস্ত করে তোলে না। এমনকী, যাঁর কথা দিয়ে এ লেখা শুরু হয়েছে, সেই রবীন্দ্রনাথ ঠাকুর পর্যন্ত জীবনস্মৃতি -তে লিখে গেছেন যে চোন্দো বছর বয়সে তাঁর মায়ের মৃত্যু সে সময়ে তাঁর অন্তরে গভীর দাগ কাটে নি, 'জীবন হইতে জীবনান্তের বিচ্ছেদ স্পষ্ট করিয়া চোখে পড়িল না।' ইস্কুলজীবনের স্মৃতি জীবনের এক আশ্চর্য অধ্যায়ের স্মৃতি — যে অধ্যায়ে সুখ আছে, উচ্ছাস আছে, আনন্দের অনুভবও আছে, কিন্তু দুঃখ বা বেদনার স্মৃতি নেই। বিভিন্ন যুগে, বিভিন্ন দেশে এ জন্যেই হয়তো মানুষ বারবার মনে মনে ফিরে গিয়ে আশ্রয় নিতে চায় ইস্কুলজীবনের স্মৃতিতে। তবে, যাকে দুঃখ বা বেদনা বলে সে সব অনুভূতি না থাকলেও ইস্কুলজীবনে তার জায়গা নেয় দুরন্ত অভিমান, আর কে না জানে যে অভিমানের সঙ্গে যে বস্তুটির ঘনিষ্ঠ সম্বন্ধ তা হলো ভালোবাসা। তাই, শৈশব-বাল্য-কৈশোর পেরিয়ে মানুষ যখন পূর্ণ সাবালকত্ব অর্জন করে বৃহত্তর জীবনে পা রাখে, তখন সেই ভালোবাসার বোধই তাকে ক্রমবর্ধমানভাবে আকৃষ্ট করে তার ফেলে আসা ইস্কুলজীবনের দিকে।

ভনিতা হলো, এর পর মূল বিষয়ে প্রবেশ করা যাক। আমাদের ছাত্রজীবনের সমসাময়িক কাল — বিশেষত ইস্কুলজীবনের সময়টি — আমাদের দেশ এবং সমাজের ইতিবৃত্তে এক গুরুত্বপূর্ণ জায়গা জুড়ে আছে। গত শতাব্দীর ছয়ের দশকের মধ্যভাগ থেকে সাতের দশকের মধ্যভাগ পর্যন্ত সময়কাল যে আমাদের দেশের ইতিহাসে এক উদ্বেল জনজীবনের ছবি তা এখন এক শিশুও জানে। বসন্তের বজ্রনির্ঘোষের উত্থান ও পতন, ঘরের পাশে বাঙলাদেশে স্বাধীনতার দুর্মর লড়াই, দেশের ভেতর উত্তেজনার ছোঁয়া, এলাহাবাদ হাইকোর্টের যুগান্তকারী রায়, জরুরি অবস্থা, জয়প্রকাশ নারায়ণ — সংক্ষেপে এই ছিল আমাদের ইস্কুলজীবনে দেশ ও সমাজের 'টাইমলাইন'। আমরা অবশ্য সে সব খুব ভালো করে বুঝতুম না, বোঝার চেষ্টাও যে খুব ছিল তাও নয়।তবে, সন্ধ্যের পর কোনও কোনও দিন যখন রাস্তা শুনশান হয়ে যেত, এদিক ওদিক থেকে শোনা যেত বোমা-বন্দুকের আওয়াজ, কিংবা শীতের দুপুরে যখন খেলার মাঠে গিয়ে দেখতুম কেউ কোথাও নেই— শুধু পাড়ার কোনও চেনা দাদা আলতো ধমক দিয়ে বলত 'বাড়ি চলে যা'— তখন বুঝতে পারতুম কোথাও একটা অন্য ছবি আছে, যে ছবির মর্ম বোঝার বয়স তখন ছিল না। আবার, আকাশবাণী কলকাতা থেকে বেতার তরঙ্গে যখন ভেসে আসত রবীন্দ্রনাথের আশ্চর্য স্বদেশি গানের গুচছ, প্রণবেশ সেনের লেখনী যখন দেবদুলাল বন্দ্যোপাধ্যায়ের মন্দ্রকণ্ঠের জাদুর সাহায্যে অভিভূত করত আমাদের মন, আর বাড়িতে বড়োদের পড়ার 'দেশ' পত্রিকার প্রচ্ছদে যখন বহু মানুষের ছবির কোলাজের অভ্যন্তরে ছাপার অক্ষরে দেখতুম লেখা 'বাঙলার মুখ

আমি দেখিয়াছি' — তখন যেন এক অব্যক্ত অনুভূতি মনকে গ্রাস করত, আবছাভাবে বুঝতে পারতুম সময়ের এক সন্ধিক্ষণে দাঁড়িয়ে রয়েছি আমরা, কিন্তু তার পূর্ণ অভিঘাত হুদয়ঙ্গম করার ক্ষমতা তখন ছিল না। আরও পরে সে সব ছবি পালটে গেছিল — খবরের কাগজের পাতায় তখন এলাহাবাদ হাইকোর্ট, জরুরি অবস্থা আর জয়প্রকাশ নারায়ণের খবর — তার কিছুটা বুঝতুম, অনেকটাই বুঝতুম না, সেই বোঝা-না বোঝার আলোছায়ার আলপনা পেরিয়েই সাঙ্গ হয়েছিল আমাদের ইস্কলজীবন।

আমাদের ছোটোবেলার সেইইস্কুলজীবনকেই ফিরে দেখার এক প্রয়াস হয়েছে এই নাতিবৃহৎ পত্রিকায়। অবশ্য, একটা কথা বলতে হয় — এ সংকলনে যাঁরা লিখেছেন তাঁরা যে সবাই আমাদের ছোটোবেলার সময়তেই এইস্কুলে পড়েছেন তা নয়, কেউ হয়তো একটু আগে, আবার কেউ একটু পরে। তাই, সবার হৃদয়ে হয়তো আমাদের ইস্কুলের ছবি সমান তরঙ্গদৈর্ঘে মিলবে না। কিন্তু, ইস্কুলজীবনের প্রতি এক গভীর প্রেমের অনুভূতি একান্ত করেছে প্রতিটি লেখনীকে, সে কারণেই লেখাগুলি হয়ে উঠেছে এক অনুভূতির দলিল — যে দলিলে এমন সম্পদের আভাস আছে হাজার মাথা খুঁড়েও যা আর কখনও ফিরে পাওয়া যাবে না, সে হলো প্রত্যেকের ছোটোবেলার ঘ্রাণ, যার সঙ্গে মিশে রয়েছে জীবনের সব বিচিত্র রঙ্কের উজ্জ্বল সমাহার।

আমাদের ইস্কুলের কথা বলতে গিয়ে সর্বাগ্রে যাঁর নাম বলতে হয় তিনি হলেন আমাদের প্রদ্ধেয় রেক্টর শ্রী জ্যোতির্বিকাশ মিত্র, সারা জীবন দিয়ে যিনি এই বিদ্যালয়কে লালন করেছিলেন।আমার মতো অনেকেরই হয়তো মনে পড়বে কেমন করে চক-মেলানো ইস্কুলভবনের প্রতি কোণে তিনি প্রখর নজর রাখতেন, কেমন করে শাসনের বজ্রদণ্ডের অভ্যন্তরে লুকিয়ে রাখতেন স্নেহ-প্রশয়ের গোপন ফল্লুধারা, আবার এও হয়তো মনে পড়বে ইস্কুলের এক সংকটকালে তিনি কেমন করে আক্ষরিক অর্থে বুক দিয়ে ইস্কুলকে রক্ষা করতে চেয়েছিলেন। আরও অনেক স্মৃতি ভিড় করে আসবে আমার মতো অনেকের মনে — ইস্কুলের উঠোনে ফিজিক্যাল এডুকেশন ক্রাসের মহড়া, ওয়ার্ক এডুকেশন ক্রাসে ফিনাইল বানানোর বিপত্তি, সাতসকালে ইস্কুল পৌঁছে ছাতে উঠে যন্ত্রের ঢাকনা আলগোছে সরিয়ে আগের রাতের সর্বনিম্ন তাপমাত্রা দেখে নেওয়া, বিংবা বড়োদিনের ছুটিতে টিভির পরদায় ইডেন গার্ডেনে ক্লাইভ লয়েডের ওয়েস্ট ইভিজ দলের বিরুদ্ধে গুভাপ্পা বিশ্বনাথের জাদুকরী ব্যাটিং দেখা — যে টিভি রেক্টর বসিয়েছিলেন ইস্কুলেই, আমাদের আবদারে। টিফিনে ইস্কুলেরই দেওয়া আলুকাবলি কিংবা মুড়ি-মটরের কথা মনে পড়লে জিভেজল আসবে না এমন কোনও প্রাক্তন ছাত্র বোধহয় আমাদের সমসাময়িক কাল থেকে খুঁজে পাওয়া যাবে না।

শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ের শতবর্ষ অতিক্রমের এই স্মরণীয় ক্ষণে আমার মতো নিতান্তই এক অক্ষম মানুষকে এই সংকলন সম্পাদনার দায়িত্ব অর্পণ করার জন্যে গভীর কৃতজ্ঞতা জানাই এই প্রতিষ্ঠানের মাননীয় প্রধান শিক্ষক ড. সহদেব বন্দ্যোপাধ্যায় এবং বিদ্যালয়ের কর্তৃপক্ষকে। প্রতিষ্ঠানের সহপ্রধান শিক্ষক শ্রী তিমির বরণ মাইতি— যাঁর সঙ্গে কলেজ স্ট্রিটের ইউনিভার্সিটি ক্যাম্পাস থেকেই পরিচয় — তাঁর সহযোগিতাও ভোলার নয়। বিশেষ করে উল্লেখ করতে হয় বিদ্যালয়ের ইংরেজি শিক্ষক শ্রী হরিনাথ নন্দের কথাও — এই সংকলন নির্মাণের জন্যে যিনি নিপুণভাবে সহযোগী সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। নিয়তির বিচিত্র খেয়ালে তাঁর সঙ্গেও আমার পরিচয় তিনি এই প্রতিষ্ঠানে যোগ দেবার আগে থেকেই। এ ছাড়াও বিভিন্নভাবে অনেকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিলেন— তাঁদের সবার প্রতি রইল অশেষ কৃতজ্ঞতা।

ছোটোবেলা বলতে আমাদের মনে পড়ে একছুটে এ ঘর থেকে ও ঘর, এ বাড়ি থেকে ও বাড়ি, বাড়ি থেকে রাস্তা, রাস্তা থেকে মাঠে উধাও হয়ে যাওয়া, বিকেলের আলো নরম হয়ে মিইয়ে এলে বাড়িতে বকুনির

= শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🎍 শতবর্ষ স্মরণিকা

ভয়ে দৌড়ে এসে পড়তে বসা, বন্ধুদের সঙ্গে ঝগড়া করে আড়ি করে ভাব করে নেওয়া, ইস্কুল থেকে বাড়ি ফেরার সময়ে রাস্তায় পড়ে থাকা মাটির ভাঁড় জুতো দিয়ে লাথি মেরে ভেঙে ওঁড়িয়ে দেওয়া, আর মায়ের হলুদ-লাগা, রায়াঘরের-গন্ধ-মাখা ভিজে শাড়ির আঁচলে মুখ

ডোবানো — মায়ের সেই আঁচলের মধ্যেই কোথাও যেন লুকিয়ে থাকে ইস্কুলের স্মৃতি। প্রত্যেকের ইস্কুলজীবনের স্মৃতির খণ্ড খণ্ড মালা গেঁথে তৈরি হয় এক সন্মোহনী চালচিত্র— সেই চালচিত্রেরই এক সন্ধান দেওয়ার চেষ্টা রইল এই সংকলনে।

কলকাতা ৭ জানুয়ারি, ২০১৯



শেলেন্দ্র সরকার বিদ্যালয় 🔹 শতবর্ষ স্মরণিকা



শৈলেন্দ্র সরকার বিদ্যালয়

(গভর্নমেন্ট স্পনসর্ড)

শতবর্ষ স্মরণিকা

এই বিদ্যালয়ের অগণিত ছাত্র বিশ্বের দরবারে উজ্জ্বল নক্ষত্র তাঁদের কয়েকজন



শ্রীযুক্ত শ্যামল কুমার সেন, প্রাক্তন রাজ্যপাল, পশ্চিমবঙ্গ সরকার, প্রাক্তন প্রধান বিচারপতি, এলাহাবাদ হাইকোর্ট, প্রাক্তন চেয়ারম্যান, মানবাধিকার কমিশন



স্বৰ্গীয় দেবদুলাল বন্দ্যোপাধ্যায়, বিশিষ্ট ভাষ্যকার



শ্রীযুক্ত বুদ্ধদেব <mark>ভট্টাচা</mark>র্য প্রাক্তন মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার



অধ্যাপক অশোক মুখোপাধ্যায় বিশিষ্ট নাট্যকার, থিয়েটার ওয়ার্কশপের স্রষ্টা



শ্রীযুক্ত অসীম কুমার বন্দ্যোপাধ্যায়, প্রাক্তন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি, কোলকাতা হাইকোর্ট



অখ্যাপক অশোক সেন, বিশিষ্ট পদার্থবিদ, যুরি মিলনার পুরস্কারপ্রাপ্ত



শ্রীযুক্ত মেঘনাদ ভট্টাচার্য, বিশিষ্ট নাট্যকার, সায়ক নাট্য গোষ্ঠীর কর্ণধার



শ্রীযুক্ত অম্বর রায়, প্রাক্তন ক্রিকেটার



শ্রীযুক্ত নীলোৎপল দাস গ্র্যান্ডমাস্টার (দাবা)

আরও অসংখ্য জ্যোতিষ্ক <mark>ছড়িয়ে আছেন বিশ্বের দরবারে। তাঁদের প</mark>রিচয় পরবর্তীকালে সংগ্রহ করা হবে

''স্মরণ করি বাবু শৈলেন্দ্র নাথ সরকার মহাশয়কে''

ডঃ সহদেব বন্দ্যোপাধ্যায় (জাতীয় শিক্ষক) প্রধান শিক্ষক ও সম্পাদক

বিদ্যালয়ের শতবর্ষের স্মরণিকা যাঁর স্মরণে উৎসর্গ করা হল তিনি আমাদের পরম পূজনীয়, শ্রদ্ধেয়, প্রবাদপ্রতিম বাবু শৈলেন্দ্র নাথ সরকার। ২৫শে জুন ১৮৭২, দিনটি ছিল মঙ্গলবার, বাবু শৈলেন্দ্র সরকারের জন্ম— প্যারীচরণ সরকারের ষষ্ঠ এবং কনিষ্ঠ পুত্র। এখানে অবশ্যই আমার মনে হয় বাবু শৈলেন্দ্র নাথ সরকারের কিছুটা পিতৃ-পরিচয় দেওয়া প্রয়োজন। প্যারীচরণ সরকার একজন অত্যন্ত মেধাবী এবং বৃত্তিপ্রাপ্ত ছাত্র ছিলেন। মাত্র ১৯ বছর বয়সে ১৮৪২ সালে প্যারীচরণের হাটখোলার সুপ্রসিদ্ধ রাজা মাণিক বসু বংশীয় পারস্য ভাষাবিদ সু-পণ্ডিত শিবনারায়ণ বসুর চতুর্থা কন্যার সাথে শুভ-বিবাহ সম্পন্ন হয়। যেহেতু প্যারীচরণ একজন অত্যন্ত মেধাবী সিনিয়র স্কলারের সর্ব্বোচ্চ বৃত্তিপ্রাপ্ত ছাত্র ছিলেন সেহেতু ঐ রাজপরিবার তাঁকে কন্যা সম্প্রদান করেন। প্যারীচরণ মাত্র ৫২ বছর বয়সে দেহত্যাগ করেন। কিন্তু এই স্বল্প সময়েই তাঁর ক্রিয়াকলাপের পরিধি এবং ব্যাপ্তি এতটাই বিশাল ছিল যা পরবর্তীকালে তাঁর উত্তরসুরিদের কার্যকলাপে প্রকট ভাবে পরিলক্ষিত হয়। মাত্র তিন বৎসর বয়সে শৈলেন্দ্র সরকারের পিতৃবিয়োগ হয়, ফলে পিতার স্নেহ বাৎসল্য তাঁর জীবনে অপ্রতুল ছিল। এটাই স্বাভাবিক কিন্তু পরবর্তী জীবনে তার শিক্ষা, সংস্কৃতি, রুচিবোধ তাঁর মায়ের এবং পরিবারের শিক্ষার প্রতিফলন।

শৈলেন্দ্রনাথ সরকার মেট্রোপলিটন ইনস্টিটিউশন থেকে প্রবেশিকা পরীক্ষায় অত্যস্ত কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। মাত্র ১৬ বছর বয়সে ৯ বছর বয়সী মৃণালিনী দেবীর সাথে শৈলেন্দ্রনাথ সরকারের বিবাহ সম্পন্ন হয়। পরবর্তীকালে তিনি শুধু ইংরেজী সাহিত্যে প্রেসিডেন্সি কলেজ থেকে উত্তীর্ণ হননি, কলেজে অধ্যয়ন কালে ইংরাজী সাহিত্যে সর্বোত্তম প্রবন্ধ রচনার জন্য বাংলার তদানীন্তন শাসনকর্তা স্যার চার্লস ইলিয়ট্ প্রদত্ত স্বর্ণপদক লাভ করেন।

তিনি মহামান্য কলকাতা হাইকোর্টের ট্রান্সলেটারের পদ প্রাপ্ত হন, কিন্তু কর্তৃপক্ষ তাঁকে ৺সরস্বতী পুজোর দিন ছুটি না দেওয়ায় তৎক্ষণাৎ চাকুরিতে ইস্তফা দেন। "Chip of the old block" শব্দটিকে যথাযথ মর্যাদা দিয়ে তিনি পিতার মতো অধ্যাপনার কাজে নিজেকে নিযুক্ত করেন। প্রথমে তিনি কিছুদিন বৈটি উচ্চবিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষকপদে কাজ করেন এবং সেখানে ম্যালেরিয়া রোগে আক্রান্ত হওয়ায় পদত্যাগ করতে বাধ্য হন। পরে Calcutta Aryan (বর্তমানে সারদাচরণ এরিয়ান) বিদ্যালয়ে কয়েকদিন সহকারী শিক্ষকপদের পদ অলঙ্কৃত করেছিলেন। পরে তিনি Baripada B.E. School (Mayurbhanj) ও কলকাতার Oriental Seminary -র প্রধান শিক্ষকের পদ অলঙ্কৃত করেন। কয়েক বৎসর কলকাতার Central College এ এবং কিছুদিন আজমীরের রাজকুমার কলেজ (Mayo College) -এ ইংরাজীর অধ্যাপক ছিলেন। পরিশেষে ৫ই জানুয়ারি, ১৯২০ সালে কলকাতার অন্যতম শ্রেষ্ঠ উচ্চ বিদ্যালয় বহুখ্যাত সরস্বতী ইনস্টিটিউশনের প্রতিষ্ঠা করেন।

বিদ্যালয় প্রতিষ্ঠার পর সেটি ১৯২১ সালের ১৭ই জানুয়ারি Presidency Division দ্বারা Temporary Recognition পায় এবং সেই Report নিম্নরূপ:-

The Saraswati Institution

Visited 14th January, 1921

The School was established on the 5th January, 1920, and has received temporary recognition up to the end of the current calendar year. The Proprietor is Babu Sailendranath Sarkar, M.A., who is also Head Master and Secretary.

SECTION 2 (a). The Managing Committee (Appendix A) consists of fifteen members including the Head Master and a representative of the teaching staff. Meetings are regular and control adequate. Rules have been framed for the conduct of business, but there is no Trust Deed.

(b) Details of the Teaching Staff are shown in Appendix B. Three are M.A.s, 8 B.A.s, and one B.Sc. The Head Master is an M.A., and has considerable experience. He teaches eighteen periods a week and so has ample time for supervision. Payments are regular. No Provident Fund has yet been established. No teacher gets less than Rs. 20/-. The Assistant Head Master's pay should be higher. The descent from the Head Master's Rs. 150/- to the Assistant's Rs. 60/- is too precipitous. Sanskrit translation is taken by the English-knowing Head Pandit and Persian Translation by the

Muhammadan Graduate Teacher. Pali Translation is taken by the I.A. Pali Teacher. Correction of exercises has been arranged for, the teachers' conferences are held, but notes and schemes of lessons are not prepared by all.

(c) The School occupies premises No: 71-74, Raja Rajbullubh Street for which the rent payable is Rs. 425/- a month inclusive of taxes. The buildings are commodious, well lighted and well ventilated, and kept neat and clean. The surroundings are unobjectionable. The length of some of the rooms, however, is out of proportion to their breadth, preventing satisfactory arrangement of the seats and black boards.

The stock of furniture is inadequate. The Head Master says that the requisite number of additional chairs, desks, black boards, etc., has been ordered for. The School has set up a small museum and got a good stock of pictures for object lessons.

- (d) The accommodation (AppendixC) is never less than eight square feet for eighty per cent of the pupils.
- (e) The sanitary appliances are sufficient and kept in good order.
 - (f) Drinking water is satisfactory.

Facilities are provided for the boys to partake of refreshments.

- (g) The Library consists of 642 volumes. The Library1 Room is also used as the Teachers' Room.
- (h) & (i). The School prepares candidates in Mechanics and Geography for which the necessary appliances and separate rooms have been provided. The teachers are qualified.
- (j) No serious case of breach of discipline is on record. A Punishment Register is maintained. The roll is called only once in the day, when the School sits. Absence fines are not imposed. Conduct and Progress Reports are furnished to guardians thrice a year. The average attendance is eighty per cent. Drill is not taught. Games have not been properly organised.

The boys have no debating club or other association for self improvement.

- (k) All the pupils are residents with parents or guardians.
- (l) The number limits are not exceeded (Appendix C).

SECTION 3. The income and expenditure appears in appendix D. The School just pay its way. There is no Reserve Fund. On the contrary, the School is indebted to the extent of Rs. 5,855/-.

SECTION 4. The neighbouring Schools are the Bagbazar High, the Saradacharan Aryan and the Shyambazar Vidyasagar. No undue competition with any has been complained of.

SECTION 5. The tuition fee is Rs. 3/-in the higher and Rs. 2/- in the lower classes (Appendix C). Free Students number 27 and half-free, 4.

Sd. Aswinikumar Das
Assistant Inspector of Schools,
Presidency Division
17.1.21.

(True Copy)

For Registrar, Calcutta University.

11.3.21.

- শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🔹 শতবর্ষ স্মরণিকা

এই বিদ্যালয়ের জয়যাত্রা শুরু রাজা রাজবল্লভ স্ট্রীট থেকে এবং ১৯৩০ এর ৩১ শে ডিসেম্বর পর্যন্ত বাবু শৈলেন্দ্র সরকার এই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদে আসীন ছিলেন। খুব অল্প সময়ে এই বিদ্যালয়ের ছাত্র সংখ্যা প্রায় ১১০০ হয়ে যায়। সরস্বতী ইনস্টিটিউশনের ছাত্রদের পরপর আশাতিরিক্ত ফললাভে এই স্কুল বিশ্ববিদ্যালয়ের দৃষ্টি আকর্যণ করে। এই মহামানবের প্রধান শিক্ষকপদে থাকাকালীন ছাত্রদের প্রেরিত নোটিশ নিচে দেওয়া হল যা তাঁর ভাষার বুৎপত্তি এবং অপূর্ব হস্তাক্ষরের নিদর্শন স্থাপন করে।

Cisc to I & 13.1.20.

The boys are to be informed by the class leacners that School fees must be said on or before the 15th of each month, afth which a fine of one arms will be charged for each week, till he can if the month, were the names of definition will be standed off the willis. If the defancion wish is he radmitted, they will have it pay all anear few together with a fine of super one.

The school will remain closed tomorn on account Hot Mester. of Markan Santanti, as a special case This year only.

If cer

to 2 8, 23.1.20

As small-pox is raging in an exidence form in Calcutta, it is highly desirable that the cops small re-vaccinate themselves wither at home or in the school, if their quandians have no objection. We can make arrangements for vaccinating the boys. in the school, free of charge, after the Sancowale Pay'a beliday, if in the meantime we are an existed by the anamicus is do so.

Jo 3 8 24.1. 20

The school will remain circle on Monday & Theoday, The 26th \$275 wist on account of Paraswall Paia.

ASim the

Had Master


- ho 4 9 3.2. 20

An examination will be hald in the 23th Feb. in the would it is which scholarships and fee-stidentships will be awarded to menion us boys, as announced in the proper his.

= শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🎳 শতবর্ষ স্মরণিকা

তিনি নিজে ছিলেন একজন একনিষ্ঠ শিক্ষানুরাগী মানুষ এবং অত্যন্ত মেধাবী যার পরিচয় আমরা খানিকটা আগেই উল্লেখ করেছি, কিন্তু তিনি যে কতটাই ভালো শিক্ষক ছিলেন অর্থাৎ তাঁর শিক্ষাদান কতটা সঠিক ছিল তার পরিচয় আমরা ছাত্রদের পরবর্তী জীবনে প্রতিষ্ঠা লাভ করার সংখ্যাতত্ত্বে বুঝতে পারি। তিনি ছিলেন একজন প্রকৃত শিক্ষকপিতা যার একটি ঘটনা আমি এখানে উল্লেখ করলাম—

বারিপদা হাইস্কলের এক ছাত্র ম্যাট্রিক পরীক্ষার প্রাক কালে মসুরিকা (Small pox) রোগে আক্রান্ত হওয়ায় তিনি স্বয়ং ছাত্রটিকেবারিপদা থেকে বালেশ্বর পরীক্ষাকেন্দ্রে নিয়ে যান এবং সেখানে নিজের হাতে সেই ছেলেটির সেবা শুশ্রুষা করেন।ছাত্রটি এই গুরুতর অসুখে আক্রান্ত অবস্থায় তাঁর তত্ত্বাবধানে পরীক্ষা দিয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন এবং পরে MA পাশ করে বিলাত থেকে I.C.S. হয়ে আসেন। সেই কৃতী ছাত্রটির নাম রবীন্দ্রনাথ ব্যানার্জী।এখন শিক্ষাব্যবস্থায় অনেক পরিবর্তন আমরা লক্ষ করি এবং তার সাথে ছাত্র শাসনে বিভিন্ন নির্দেশিকা যা হয়তো আমাদের অনেককে পরোক্ষে কিছুটা হলেও ভাবায়, কিন্তু শৈলেন্দ্রনাথ সরকার তদানীন্তনকালে তাঁর শিক্ষাব্যবস্থায় বর্তমানে আধুনিক চিন্তা ধারাকে ফুটিয়ে তুলেছিলেন, যেমন লাঠি হাতে কঠোর শাসন নয় স্লেহের বাঁধনের শাসন দ্বারা ছাত্রদের শিক্ষাদান। কোনো ছাত্র পাখির সুরে শ্রেণিকক্ষে ডেকে উঠলে তিনি তাকে ভর্ৎসনা না করে তার অনুকরণ শক্তির উৎসাহ সাধনে উৎসাহিত করতেন। তিনি শ্রেণিকক্ষে বহু জটিল তথ্য অত্যন্ত প্রাণোজ্জ্বল ভাষা এবং কৌতুকপূর্ণ শ্লোকের সাহায্যে ছাত্রদের হৃদয়ে প্রোথিত করতেন।ইংরাজী ভাষা সাহিত্যে গদ্য ও পদ্যে তার অসাধারণ বুৎপত্তি ছিল। তিনি ইংরেজীতে ময়ূরভঞ্জের মহারাজা ৺শ্রীরামচন্দ্র ভঞ্জ দত্তের জীবনী লিখে স্বর্ণপদক উপহার প্রাপ্ত হন। তিনি ইংরাজীতে "Khiching" নামে একটি গবেষণামূলক প্রামান্য বই প্রকাশ করেন যেখানে তিনি প্রমাণ করেছিলেন যে ময়ূরভঞ্জের রাজ্যের অন্তর্গত "খিচিং" নামে যেঅজ্ঞাতনামা জায়গা আছে তা পূর্বে কিওঞ্জর (Keonjhar) রাজ্যের একটি অংশ ছিল এবং এটা ছিল কেশরী, শৈলোদ্ভব ও ভঞ্জ এই তিন রাজবংশের রাজধানী। "Poems" নামে তার একটি ইংরাজি বই ১৯৪০ সালে লন্ডন থেকে প্রকাশিত হয় এবং The Deserted নামে একট সামাজিক উপন্যাস সেই সময় সেখানে যন্ত্রস্ত ছিল। তিনি শুধু ইংরাজী সাহিত্যে নয় বহিঃজ্ঞানেও বিশেষ বুৎপত্তির পরিচয় রাখেন। তিনি প্রচুর প্রবন্ধ, নাটক, পাঠ্যপুন্তক রচনা করে গেছেন। তাঁর রচিত সে সমস্ত লেখা আজ হয়তো পাওয়া যাবে না কিন্তু যে বইটি আমার হাতে এসে পৌছেছে সেইটি একটি নাটকের বই, নাম "শেষ বেশ" —এটি একটি প্রহসন নাটক



শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

তিনি গান এবং কবিতা লিখতেন, তাঁর একটি গান "তুমি অনাদি তুমি অনন্ত" এই বিদ্যালয়ের প্রার্থনা সঙ্গীত ছিল। অনেক রকম সামাজিক কাজের সঙ্গে নিজেকে যুক্ত করেছিলেন। দীন দরিদ্রদের কাছে তিনি খুব কাছের মানুষ ছিলেন।তাঁর বাড়ির সামনে ১২০০ মুদ্রা ব্যয় করে তাঁর পিতার পবিত্র স্মৃতিকল্পে ১৯৩০ সালে তাঁদের নিজস্ব বাসস্থান "প্যারী কুটির" এর সামনে একটি সুগভীর নলকুপ খনন করেন। প্রচলিত ছিল এর জল অজীর্ণাদি রোগে অত্যন্ত ফলপ্রদ ছিল এবং দূর দূরান্ত থেকে বহুলোক ঐ জল নিতে আসত। বৈশাখ মাসের মধ্যাকে যখন মানুষ দাবদাহে দগ্ধ হত তখন তিনি বাড়ির পাশে রাস্তায় বসে পথচারীদের জল দিতেন। তিনি ভালোবাসতেন মুক্ত হস্তে দান করতে। প্রকাশ্যে নয় গোপনে, তাঁর দান বেশি ছিল এমন কী ঋণ করেও তিনি দান করতেন। কোনো এক বিদ্যালয়ের প্রধানশিক্ষক হিসেবে একবার তিনি বাধ্য হন কয়েকজন শিক্ষককে কোনো একটি কাজের জন্য তাদের অর্থদণ্ডে দণ্ডিত করতে। কিন্তু সে অর্থ তিনি নিজেই প্রদান করেন। এও শোনা যায় যে সমস্ত শিক্ষক অল্প বেতন পেতেন তাদের তিনি নিজের বেতন থেকে মাসে মাসে

অভ্যস্ত ছিলেন তখন তিনি তাঁর মার পাজামা-পাঞ্জাবী পরিয়ে বেড়াতে বা পাঠাতেন। কিন্তু তাঁর দুর্ভাগ্য খ পরলোকগমন করেন।এই নিদারুণ য ভাষায় পাথরে খোদাই করে রেখেছি

মৃণাল,

চিরসাধ ছিল তব

সধবা মরিতে।

তাই বুঝি মায়া ত্যজি ফেলে

গেলে চলে?

যাও সতি: শান্তিধামে

বিরাম লভিতে


হইবে মিলন পুন।

খেলা সাঙ্গ হলে,

125

সাহায্য করতেন। তাঁর কাছে ধনী দরিদ্র, উচু-নীচু কোনো ভেদাভেদ ছিল না। একবার তিনি বাগবাজারে কিরণ চন্দ্র দত্তের বাড়িতে ৺অন্নপূর্ণা পূজায় নিমন্ত্রিত হয়ে আলাদা আসনে না বসে কাঙালিদের সাথে শালপাতায় অন্ন সম্ভেষ্টিচিত্তে গ্রহণ করেন। সেই কারণে অনেকে তাকে কাঙাল "হেডমাস্টার" বলে ডাকতেন।

সাংসারিক জীবনে তিনি একজন সফল মানুষ ছিলেন। তিনি সংসারের প্রতিটি দায়দায়িত্ব অত্যন্ত নিখুঁতভাবে পালন করতেন। তিনি তাঁর স্ত্রীকে অত্যন্ত স্নেহ করতেন এবং তাঁকে সম্মানের জায়গায় অধিষ্ঠিত করেছিলেন। তিনি অত্যন্তপ্রগতিশীল মানুষ ছিলেন কারণ একশ বছর আগে বাড়ির বউ, মেয়েরা যখন শাড়ী পরতে অভ্যন্ত ছিলেন তখন তিনি তাঁর মাত্র ন' বছরের স্ত্রী'কে পাজামা-পাঞ্জাবী পরিয়ে বেড়াতে বা তাঁর বাবার বাড়িতে পাঠাতেন। কিন্তু তাঁর দুর্ভাগ্য খুব অল্প বয়সে স্ত্রী পরলোকগমন করেন। এই নিদারল যন্ত্রণা তিনিতার নিজস্ব ভাষায় পাথরে খোদাই করে রেখেছিলেনঃ




শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🛭 শতবর্ষ স্মরণিকা

শৈলেন্দ্র সরকার তাঁর মায়ের রাজ বাড়িতে থাকা একটি কষ্টিপাথরের অত্যন্ত দুর্লভ গোপালের মূর্তি উদ্ধার করে নিজের বাড়িতে প্রতিষ্ঠা করেন — এর থেকে তাঁর ঈশ্বর ভক্তির খানিকটা পরিচয় পাই। আবার এও ঠিক যে তিনি উপোস করে কোনো পূজা বা অন্যান্য অনুষ্ঠানের নিয়ম পালন করার ঘোর বিরোধী ছিলেন। তিনি এমনই অদ্ভূত মানুষ ছিলেন যে জামাইষষ্ঠীর বদলে বউষষ্ঠী পালন করার জন্য বউমা কৈ বাপের বাড়ি পাঠিয়ে বউষষ্ঠীর তত্ত্ব পাঠাতেন। তিনি খুবই বন্ধুবৎসল ছিলেন। প্রায়ই বন্ধুদের নিমন্ত্রশ করতেন আর বাড়িতে ভূরিভোজের এলাহি আয়োজন করতেন।

বাবু শৈলেন্দ্রনাথ সরকার ছিলেন "চোর বাগান সরকার" বংশের এক উজ্জ্বলতম জ্যোতিষ্ক। তাঁর বংশতালিকা নিচে দেওয়া হলঃ

স্বনামধন্য সুপ্রসিদ্ধ আইনজীবী স্যার নৃপেন্দ্রনাথ সরকার মহোদয় ছিলেন তাঁর ভ্রাতুষ্পূত্র। পরে যে

বাবু শৈলেন্দ্রনাথ সরকার ছিলেন "চোর বাগান সরকার"বংশের এক উজ্জ্বলতন জ্যোতিষ্ক। তাঁর বংশতালিকা নিচে দেওয়া হল ঃ



শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

"গিরিবালা সরকার বালিকা বিদ্যালয়" প্রতিষ্ঠিত হয় সেই বিদ্যালয়টি তাঁর নাতবউ অর্থাৎ স্যার নৃপেক্রনাথ সরকারের পুত্র ৺শচীন্দ্রনাথ সরকারের স্ত্রী, গিরিবালা সরকারের নামে নামাঙ্কিত হয়।

বাবু শৈলেন্দ্রনাথ সরকার ১৯৪২ সালের ১৯শে নভেম্বর একমাত্র পুত্র ৺হারেন্দ্রনাথ সরকার ও পাঁচটি কন্যা, বহু আত্মীয়স্বজন এবং অসংখ্য ছাত্র ও অগণিত বন্ধু বান্ধব রেখে অমরলোকে যাত্রা করেন — আমরা তাঁর সৃষ্টির পদতলে অসংখ্য শিক্ষক, শিক্ষার্থী এবং সর্বোপরি লক্ষাধিক ছাত্র আজ বিশ্বের দরবারে প্রতিনিয়ত তাঁর কর্মফলের বারিধারায় স্নাত হয়ে এই জগতের আলোদানে, এই জগতের উৎকর্ষে নিজেদের নিয়োজিত করে চলেছি এবং ভবিষ্যতেও তা চলবে। এই দেবকল্প মহামানবের পবিত্র আত্মার মঙ্গল কামনা করি। 'দৃষ্টি' মানুষ জন্মসূত্রে পায় কিন্তু "দূরদৃষ্টি" অর্জন করতে হয় আর তাঁর "দূরদৃষ্টি" কতটাই প্রখর ছিল যে এই বিদ্যালয়ই তার প্রমাণ।


পরিশেষে কিছুটা হলেও এই বিদ্যালয়ের সাথে আমার যোগসূত্র এবং অন্তরের অন্তঃস্থল থেকে বাবু শৈলেন্দ্র সরকারের নামে শতবর্ষ উৎসর্গের যে প্রেরণা আমাকে উদ্বুদ্ধ করেছিল তার খানিকটা আলোকপাত অবশ্যই আমায় করতে হবে।

১৮ই ফ্রেয়ারি ২০০৩। দিনটি মঙ্গলবার। আমার

এই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের আসনে আসীন হওয়ার প্রথম দিন। কেটে গেছে দীর্ঘ পনেরো বছর আর এই দীর্ঘ সময়ে প্রতিটা দিন আমার কাছে নতুনভাবে এসেছে — এর পাতাগুলো উল্টালে দেখা যাবে কোনো না কোনো ছোটো, বড়ো, মাঝারি ভালা-মন্দ, আলো-আঁধার কিংবা সুখ-দুঃখের ঘটনার জাল বোনা আছে সেইসব স্মৃতির পাতায়। এই বিদ্যালয় আমাকে দিয়েছে প্রচুর কিন্তু আমি কতটা দিয়েছি বা দিতে পেরেছি তার মূল্যায়ন-এর ভার থাক্ আমার অজম্র সন্তানতুল্য ছাত্রদের ওপর। আমি নিজেকে সমৃদ্ধ করেছি প্রতিটা মূহূর্তে আর তা এখনও করে চলেছি। এই বিদ্যালয়ে শততম বছরেও প্রধানের আসন অলঙ্কৃত করে থাকার সৌভাগ্য আমার জীবনে এক নতুন অধ্যায়ের সূচনা করতে চলেছে।

বিদ্যালয়ের সাথে যুক্ত অতীত আর বর্তমানের বহু
মানুষের সানিধ্যে আমি এসেছি — আর এই অতীতের
পাতায় যাঁর নাম স্বর্ণাক্ষরে লিখে তার প্রজ্বলিত শিখায়
আজও আমরা প্রত্যেকে আলোকিত ইই তিনি আমাদের
পরম শ্রদ্ধেয় বাবু শৈলেন্দ্র নাথ সরকার — 'এই
বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা। পায়ে পায়ে চলতে চলতে দীর্ঘ
একশটা বছর যখন অতিক্রান্ত হতে চলেছে তখন তার
উষালগ্নে এই প্রবাদ প্রতিম মানুষটিকে আসুন সবাই
বিনম্র শ্রদ্ধার সাথে স্মরণ করি। তাঁর বাড়ির একটি চিত্র
নিম্নরূপ।





আমি বহুদিন আগে এটা ভেবেই রেখেছিলাম যে বিদ্যালয় প্রাঙ্গণে এই প্রবাদ প্রতিম মানুষটির একটি মূর্তি স্থাপন করবো আর সেই লক্ষ্যে থেকে কিছুটা এগিয়ে কিছুটা পিছিয়ে আজ সেইখানে বোধহয় পৌছতে পেরেছি। কেন জানিনা এই প্রবাদ প্রতিম মানুষটির তৈল চিত্রের দিকে প্ৰথম যেদিন তাকিয়ে ছিলাম সেদিনই উপলব্ধি করেছিলাম এর উচ্চতা আর প্রসারতা। এই মানুষ্টির বিস্তার এতটাই বেশি যা সাধারণ মানুষের কাছে তাঁকে এক অন্য এবং অনন্যস্তরে পৌছে দেবে। তাঁর প্রতিকৃতি স্থাপনে আমাকে সম্পূর্ণভাবে যিনি সমানভাবে উৎসাহদান করেছেন তিনি আমাদের শ্রদ্ধেয় প্রাক্তন ছাত্র ও মহামান্য প্রাক্তন বিচারপতি ও রাজ্যপাল শ্রী শ্যামল কুমার সেন মহাশয় এবং বর্তমানে তিনি বিদ্যালয়ের পরিচালনা সমিতির সভাপতি। আমি তাঁকে তাঁর এই অমলা সহযোগিতার জন্য বিনম্রচিত্তে অন্তরের শ্রদ্ধা ও প্রণাম জানাই।

এই ভাস্কর্য নির্মাণের জন্য আমি অনেক শিল্পীর সাথে কথা বলি কিন্তু পরিশেষে যার সাথে কথা বলে আমি অত্যন্ত খুশি এবং নিশ্চিন্ত হই তিনি হলেন কুমারটুলির স্বনামধন্য ভাস্কর শিল্পী শ্রী সুনীল পাল মহাশয়।

এই মূর্তি গড়ার তিনটি ধাপ যার প্রথম ধাপটি হল মাটির মূর্তি গড়া।তিলেতিলে গড়ে ওঠা এই মাটির মূর্তিটি যখন প্রথম দেখি তখন আমি এতটাই মোহিত হয়ে পড়েছিলাম যা ভাষায় ব্যাখ্যা করা দুরূহ। মূর্তিটিকে শিল্পী শুধু জীবস্তই করে তোলেননি এর ভিতর তিনি যেন দেব পূজার প্রাণ প্রতিষ্ঠা করেছেন আর এটা সম্ভব হয়েছে শৈলেন্দ্র সরকার মহাশয়ের চিত্রটির সাথে তিনি নিজেকে এমনভাবে মিশিয়েছেন যা মাটির সাথে মিশে যাওয়া। আমি অভিভূত তাঁর কাজে কথায় আর তাঁর সৃষ্টির পরিবেশে। আমি তাঁকে প্রণাম জানাই। এই শিল্পী দীর্ঘজীবী হোন, আর তাঁর অমর সৃষ্টি এই সুন্দর পৃথিবীকে আরও সুন্দর করুক। পরিশেষে যাঁর কথা উল্লেখ না করলে অবশাই অন্যায় হবে তিনি হলেন শ্রী স্বপন পাল। স্বপনবাব আমার সন্তান তুল্য প্রয়াত ছাত্র সুশান্ত পালের পিতা, যে ফুল অকালে ঝরে যায়। উনি বিদ্যালয়কে ২,৫০,০০০ টাকা পুত্রের স্মৃতিতে দান করেন এবং আমাকে বলেন তা ব্যবহার করতে, আমি ২,০০, ০০০ টাকা Fixed করে দিই ষষ্ঠ, সপ্তম, ও অষ্টম শ্রেণির প্রথম তিনজন স্থানাধিকারী ছাত্রদেরকে বৃত্তি প্রদান করা হবে তার সুদ থেকে, আর বাকি ৫০,০০০ টাকায় এই মূর্তি তৈরি, তার বেদী নির্মাণ করা হয় এবং জ্যোতির্বিকাশ মিত্র মহাশয়ের বেদীটিকে, নতুনরূপে নির্মাণ করা হয়। আমি শ্রী স্বপন পাল মহাশয়কে আমার বিনম্র শ্রদ্ধা জানাই।

আসুন আমরা সবাই এই মহামানবের পদতলে আমাদের প্রিয় বিদ্যালয়ের জয়রথ আরও উন্নত থেকে উন্নততর করার লক্ষ্যে নিজেদের সর্বতোভাবে নিয়োজিত করি।

আমার ইসকুল একশো-য় একশো

অধ্যাপক অশোক মুখোপাধ্যায় (প্রাক্তন ছাত্র)

আমাদের দেশ স্বাধীন হয় ১৯৪৭ সালে। তার পরের বছরই আমি ইসকুলে ভর্তি হই। ক্লাস ফোর-এ। সরস্বতী ইনস্টিট্যুশন তার অনেক আগেই নাম পালটে প্রতিষ্ঠাতা শ্রদ্ধেয় শৈলেন্দ্র সরকারের নামের সঙ্গে অন্বিত হয়ে গেছে। তবু পাড়ার লোকেরা তখনও শুনলে বলত, 'ও, সরস্বতী-তে পড়! খুব ভাল! খুব ভাল!' সত্যিই তখন খুবই নাম-ডাক ছিল আমাদের ইসকুলের। এখনও আছে! এইটাই ভারি আনন্দের কথা।

তখনকার দিনে, মানে গত শতাব্দীর পঞ্চাশের দশক জুড়ে শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ের পড়াশুনার মান ছিল যাকে বলে চমক-জাগানো। ম্যাট্রিকুলেশন পরীক্ষা তখন নাম পালটে হয়েছে স্কুল ফাইনাল পরীক্ষা। ফল বেরোলেই সবাই জানত যে প্রথম দশজনের মধ্যে এই ইসকুলের ছাত্র এক বা একাধিক জন থাকবেই। কিন্তু শুধু লেখাপড়া নয়, আরও অনেক কিছুতেই উৎসাহ তৈরি করতে ;আগ্রহ জাগিয়ে তুলতে এক ধরণের আবহাওয়া ছিল ইসকুলের তখনকার দিনগুলোতে। যাদের বই পড়ার ঝোঁক, তাদের জন্য ইসকুলের লাইব্রেরির আলমারিগুলিতে ছিল লোভ জাগাবার মত সংকলন। এবং আশ্চর্যের কথা, গল্প-উপন্যাসের সংখ্যা ছিল প্রচুর। বাংলা-ইংরেজি দুই ভাষাতেই। মনে পড়ে, ভিকতর যুগো, আর.এল.স্টিভেনসন বা অসকার ওয়াইলড-এর মতো লেখকদের নাম-করা সব লেখার সঙ্গে ইসকুলের জীবনেই পরিচয় ঘটেছিল ঐ লাইব্রেরির তাকে। অবশ্য কবুল করব, ভারপ্রাপ্ত শিক্ষককে ধরে এনে ঐ লাইব্রেরির আলমারি খোলানো সহজ কাজ ছিল না! তবুও বই-প্রেমী আমরা কিছু বন্ধু মাঝেমাঝেই সফলও

হতাম

বই-পড়া ছাড়াও আবৃত্তি, গান, অভিনয় সব কিছুরই চর্চা ছিল ইসকুলের জীবনে। ছিল বিতর্ক প্রতিযোগিতা। রচনা প্রতিযোগিতা। মনে পড়ে, আমার অভিনয়ে হাতে-খড়ি ইসকুলেরই প্রাইজ ডিস্ট্রিবিউশন সেরিমনিতে 'বিশপ্'স ক্যাণ্ডলস্টিকস্' নাটিকায় অভিনয়ের সুযোগ পেয়ে। এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানগুলি খুব বর্ণময় হ'ত। কোনো না কোনো বিখ্যাত মানুষ আসতেন বিশেষ অতিথি হয়ে।

মনে আছে একবার তারাশংকর বন্দ্যোপাধ্যায় মহাশয়কে চর্মচক্ষে দেখতে পেয়ে এবং তাঁর হাত থেকে পুরস্কার নিতে পেরে কী রকম রোমাঞ্চিত হয়েছিলাম। আর একবার বিতর্ক প্রতিযোগিতায় আন্তঃস্কল চ্যাম্পিয়ন হয়ে করমর্দন করতে পেরেছিলাম বিখ্যাত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গে। অবাক লাগে ভেবে যে, সেই যুগেও স্কুলের ভিতরে ছাত্রদের সিনেমা দেখানোর কথা ভাবা হয়েছিল। ক্লাস ঘরে ছোট পর্দা লাগিয়ে ছোট প্রজেক্টরে ছবি দেখানো হত। চার্লি চ্যাপলিনের নির্বাক ছবি বা 'এ টেল অফ টু সিটিজ' ঐ ক্লাসৰুমের ছোট পর্দাতেই প্রথম দেখা! এই সব কিছুর সঙ্গে প্রবল উৎসাহে চলত খেলাধুলা ও শরীর-চর্চার কাজ। ফুটবল খেলায় আমি ছিলাম শুধুই দর্শক বা সমর্থক। কিন্তু ক্রিকেটের মাঠে অংশীদারও বটে! ক্রিকেটে পরবর্তীকালের নায়কদের মধ্যে অনেকেই আমাদের সঙ্গে ইসকুলের ক্রিকেট খেলেছে! এদের মধ্যে কুমোরটুলি পাড়ার রায়-বাড়ি আর দর্জিপাড়ার মুস্তাফি-বাড়ির ছেলেদের কথা বলতেই হবে!

লেখাপড়া-খেলাধুলা-নাটক-গান-আবৃত্তি-বিতর্ক-

চলচ্চিত্র ইত্যাদি সব কিছুর মধ্যে দিয়ে কিশোর মনের বিকাশের এমন স্বপ্ন যাঁকে নিমগ্ন রেখেছিল আজীবন সেই মহৎ শিক্ষক ও মানুষ শ্রদ্ধেয় জ্যোতির্বিকাশ মিত্র ছিলেন তখনকার আমাদের ইসকুলের কাণ্ডারী। শুধু আমাদের সময়ে নয়, তিরিশের দশক থেকে সত্তরের দশক পর্যন্ত দীর্ঘ সময়পর্ব জুড়ে হেডস্যার (এই নামেই সবাই ডাকত এবং চিনত তাঁকে) স্কুলের সেবা করেছেন। একদল সুদক্ষ শিক্ষক নিশ্চয়ই তাঁর সঙ্গে সর্বদাই ছিলেন, তবু তিনিই যে ছিলেন অনুপ্রেরণা এতে কোনো সন্দেহ নেই। তিনি যে-ঐতিহ্য সৃষ্টি করে গিয়েছিলেন, আজও শৈলেন্দ্র সরকার বিদ্যালয় সেই ধারাতেই নতুন বিকাশ ও মুক্তির পথ খুঁজছে, এইটা স্বচক্ষে দেখে বড়ো আনন্দ পেয়েছি। বিভিন্ন নাট্য-প্রতিযোগিতায় নানা পরিসরে নানা সময়ে আমার দেখা হয়েছে এই ইসকুলৈর ছাত্র ও শিক্ষকদের সঙ্গে। বিভিন্ন তথ্য-চিত্র ও একটি কাহিনি-চিত্রের নির্মাণের সময়ে দেখেছি বর্তমান প্রধান শিক্ষক ড. সহদেব বন্দ্যোপাধ্যায়ের সুযোগ্য নেতৃত্বে কীভাবে ইসকুলের শিক্ষক-ছাত্রেরা অংশ নিচ্ছেন ক্লাসরুমের বাইরের এ-সব কাজে। বর্তমান কর্তৃপক্ষের সাদর আমন্ত্রণে বিদ্যালয়-ভ্বনের নব-নির্মিত কক্ষে বিশেষ বক্তৃতা করতে গিয়েও দেখেছি, কত আগ্রহ আর উত্তেজনা নিয়ে সবাই অংশ নিয়েছেন আলোচনায়। মনটা ভরে উঠেছে এই কথা ভেবে যে আমার ইসকল তার ছাত্রদের মনের পূর্ণ বিকাশের সাধনায় অচঞ্চল থাকতে পেরেছে। রাজনীতি ও সমাজের জটিল আবর্ত সময়ের সঙ্গে সঙ্গে

জটিলতর হয়েছে। তার ছায়া এসে পড়েছে বিদ্যাচর্চার প্রাঙ্গণেও। তবু তারই মধ্যে নিজেদের ব্রত-পালনে নিমগ্ন থাকতে পারা সহজ কাজ নয়। ঐতিহ্যকে সফলভাবে বহন করে চলেছে, এ বড় কম কথা নয়।

আমার পরিবারের সঙ্গে এই মহান বিদ্যায়তনের দীর্ঘদিনের যোগ। সেই কথা একটু বলার লোভ সংবরণ করতে পারছি না। শ্রদ্ধেয় শৈলেন্দ্র সরকার যখন ১৯২০ সালে ওরিয়েন্টাল সেমিনারি স্কুল ছেড়ে এসে সরস্বতী ইনস্টিট্যশন প্রতিষ্ঠা করলেন, সেই প্রথম দিনের ছাত্রদের মধ্যে ছিলেন আমার বড়োমামা ও বড়ো দাদা। পরবর্তী বছরগুলোতে আমার দুই দাদা, আমি নিজে, আমার ছোটোভাই, দুই ভ্রাতুষ্পুত্র ও এক ভাগিনেয় পর্যন্ত এই ইসকুলে পড়েছেন। আমার বোন এই স্কুলেরই প্রাত:বিভাগের গিরিবালা সরকার বালিকা বিদ্যালয়ের ছাত্রী ছিলেন। যেমন ছিলেন আমার স্ত্রী-ও। আমাদের গোটা পরিবারের মানসজগতে এই বিদ্যালয়ের দান অপরিসীম। এবং আমি জানি, আমরা ব্যতিক্রম নই, এমন পরিবার উত্তর কলকাতায়,আরও অনেকে ছিলেন বা আছেন। অর্থাৎ শৈলেন্দ্র সরকার বিদ্যালয় শুধু একটি প্রতিষ্ঠান নয়, শুধু একটি ইট-কাঠের বাড়ি নয়। এ এক ঐতিহ্য, একটি প্রবাহ। আমি তারই একটি সামান্য অংশ ছিলাম। আছি। বিদ্যালয়কে ছেড়ে এসেছি একদিন। কিন্তু তাকে ছাড়িয়ে যেতে পারিনি। সে রয়ে গেছে আমার চৈতন্যে। তার ঋণ তো শোধ করা যায় না। কেবল স্বীকার করে ধন্য হওয়া যায়। সেই ঐতিহ্য শতাব্দী-প্রাচীন হতে চলেছে। তাকে প্রণাম জানাই।

শতাব্দীর আলোকাভিসারে শৈলেন্দ্র সরকার বিদ্যালয়

তপন ভট্টাচার্য (প্রাক্তন ছাত্র ও শিক্ষক)

২৫শে জুন ২০১৮ সালে স্কুলের প্রতিষ্ঠাতা আচার্য শেলেন্দ্র সরকার মহাশয়ের শুভজন্মদিবস উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গনে তাঁর মূর্তির উন্মোচন হয়। বলা যেতে পারে সেদিন থেকেই প্রতিষ্ঠানটির শতবর্ষপালন অনুষ্ঠানের প্রাকলগ্রের সূত্রপাত। পরের বছর থেকেই বর্ষব্যাপী চলবে শতাব্দী-উৎসব উদ্যাপনের আলোকাভিসার।

১৯২০ সালের অসহযোগ মুক্তি আন্দোলনের স্মরণীয় বছরেই মহান বিদ্যালয়টির যাত্রা শুরু হয়েছিল। অতি অল্প সময়ের মধ্যেই প্রধানশিক্ষক শৈলেন্দ্র সরকার প্রতিষ্ঠিত বিদ্যালয়টি জনসমক্ষে পরিচিতি ও প্রতিষ্ঠা লাভ করে। তখন বিদ্যালয়টির নাম ছিল ''সরস্বতী ইন্টিটিউশন"। যে সমস্ত ছাত্রবৎসল নিবেদিতপ্রাণ শিক্ষকবৃন্দ শৈলেন্দ্র সরকার মহাশয়ের এই স্কুলকে গৌরবান্বিত করেছেন, জ্যোতির্বিকাশ মিত্র ছিলেন তাঁদের মধ্যে জ্যোতিষ্কস্বরূপ ও মধ্যমণি। তাই স্কুলে যোগদান করার কয়েক বছরের মধ্যেই ইংরেজি সাহিত্যের এই শিক্ষক প্রধান শিক্ষকের পদ অলংকৃত করলেন। শিক্ষক হিসেবে তিনি আচার্য শৈলেন্দ্র সরকারের মূল্যবোধ ও আদর্শকে সারাজীবন পালন করে গেছেন। কাজকে তিনি সাধনায় রূপান্তরিত করেছিলেন। এই প্রসঙ্গে বিদ্যালয়ের কৃতীছাত্র ডাঃ গণেশ বেদজ্ঞ মহাশয়ের উক্তি প্রণিধানযোগ্য – ''জহুরী জহর চেনে''। তাই শৈলেন্দ্র সরকার মহাশয় তিনবছরের অভিজ্ঞতা সম্পন্ন একজন শিক্ষককে প্রধান-শিক্ষকের শিরোপাটি দিয়ে গিয়েছিলেন। জ্যোতির্বিকাশ মিত্রকে নির্বাচন করেন তিনি নিজে। বিদ্যালয়ের বয়স তখন মাত্র দশ। সেই দশবছরের শিশুটিকে তিনি কোলে পিঠে করে লালন-পালন করেছেন।

তার প্রমাণ পাওয়া গেল তিন বছর যেতে না যেতেই; ১৯৩৩ ও ১৯৩৪ সালে প্রথম স্থান অধিকার করে এই ঐতিহ্যবাহী বিদ্যালয়ের ছাত্ররা। তারপর মহর্ষি-শিক্ষক জ্যোতির্বিকাশ মিত্র, যিনি ছিলেন "শিক্ষা সূর্য", তিনি তাঁর সৌরমণ্ডলী থেকে প্রতিবছর তারকা বর্ষণ করতে লাগলেন। সেইসব শিক্ষার্থী তারকাদের নাম উল্লেখ না করলে বিদ্যালয়ের শতাব্দীর ইতিহাস অসম্পূর্ণ থেকে যাবে। এদের নাম স্মৃতির খাতায় উজ্জ্বল হয়ে থাকলেও পদবি সবক্ষেত্রে মনে পড়ছে না, তাই পাঠকগণ আমার এই ত্রুটি মার্জনা করবেন। কৃতী শিক্ষার্থীদের মধ্যে সর্বশ্রী ধীরেন্দ্রচন্দ্র কুণ্ডু, অতুল মুখোপাধ্যায়, গৌরবরণ কপাট, সুবিমল মুখোপাধ্যায়, নির্মল চন্দ্র মুখোপাধ্যায়, অসীম দত্ত, সুনীল পাল, শঙ্কর মিত্র, মণুরেশ পোদ্ধার, অমিত সাহা, সমরেন্দ্র প্রভৃতি। তারপর 'হায়ার সেকেন্ডারিতেও" সর্বশ্রী প্রবীর বোস, অরুণ সেন, অভিষেক, অশোক সেন, পার্থ বন্দ্যোপাধ্যায়, মানস, সুদীপ্ত প্রভৃতি কৃতী ছাত্ররা বিদ্যালয়কে সমৃদ্ধ করে গেছে। শুধু অধ্যয়নের কৃতিত্বতেই প্রধান শিক্ষক মহাশয় সম্ভুষ্ট থাকতে পারেননি।শ্রীর ও মনের নিবিড়-সংযোগ উপলব্ধি করে শরীর চর্চা, ফুটবল-ক্রিকেট-খেলা, বিদ্যালয়ে প্রত্যেক বছর বার্ষিক 'এ্যথেলেটিক' প্রতিযোগিতার অনুষ্ঠান করা এই প্রতিষ্ঠানের ট্র্যাডিশন। এ বিষয়ে প্রতিষ্ঠাতা মনস্বী শৈলেন্দ্র সরকার থেকে বর্তমান কাল পর্যন্ত নানারকম খেলাধুলার প্রচলন চলছে। এই স্কুলের প্রথম যুগে যেমন 'সরস্বতী ইন্টিটিউশন' 'সারদাচরণ কাপ' জিতেছিল ও 'ইন্টার স্কুল-এ্যাথেলেটিক' প্রতিযোগিতায় নানান কৃতিত্বের সাক্ষ্য রেখেছিল; পরবর্তীকালে ''শৈলেন্দ্র সরকার বিদ্যালয়'' ও ফুটবল-ক্রিকেট খেলা ও জিম্নাস্টিক্স্ ইত্যাদি বিষয়ে

বিশেষ সাফল্য লাভ করে সুনাম অর্জন করেছিল।

ফুটবল খেলায় এই বিদ্যালয় দু-চারটে ট্রফি জিতলেও ক্রিকেটে এই স্কুল অনেকবছর পর পর শ্রেষ্ঠত্ অর্জন করেছিল। 'রোটারি ক্লাব' পরিচালিত আন্তঃস্কুল জিমনাস্টিক প্রতিযোগিতায় শৈলেন্দ্র সরকার বিদ্যালয় পরপর সাতবছর চ্যান্পিয়নের তকমা ধরে রেখেছিল। ঐ ব্যাপারে ক্রীড়াশিক্ষক (৪৯ নং বেঙ্গলী রেজিমেণ্টের সেনানায়ক) শ্রদ্ধেয় রাধানাথ চন্দ্রের নাম আজও স্মৃতির খাতায় চির অমলিন হয়ে রয়েছে। এই বিদ্যালয়ের শতাব্দীর ইতিহাসে শৃঙ্খলাপরায়ণতা ও খেলাধুলার ক্ষেত্রে শ্রীরাধানাথ চন্দ্র, শৈলেন সরকার (জণ্ডদা), রূপলাল কুণ্ডু ও নিশীথবাবুর নাম কোনো দিন বিস্মৃত হবার নয়। বহু দশক ধরে বিদ্যালয় অধ্যয়ন, ক্রীড়া ও সংস্কৃতির ক্ষেত্রে বহু কৃতিত্ব অর্জন করেছিল, যে সমস্ত শিক্ষার্থী পরবর্তীকালে স্বনামধন্য হয়েছিলেন এঁদের মধ্যে ক্রীড়াক্ষেত্রে — সর্বশ্রী নিমাই রায় (মোহনবাগান ও বাংলার হয়ে রণজি ট্রফি), অম্বর রায় (স্পোটিং ইউনিয়ন, বাংলার হয়ে রনজি ট্রফি এবং ভারতের হয়ে টেস্ট ম্যাচ), প্রশান্ত সেন (মহামেডান স্পোর্টিং-এর নিয়মিত খেলোয়াড়), বরুণ রায়, অরুণ রায়, রবীন রায় (প্রত্যেকেই কুমারটুলি ক্লাব) প্রভৃতির নাম উল্লেখযোগ্য। ষাটের দশকে এঁরা পর পর ক্রিকেটে ইন্টার স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় স্কুলকে চ্যাম্পিয়ান করে 'শৈলেন্দ্র সরকার বিদ্যালয়' -এর খ্যাতি বৃদ্ধি করেছিলেন। তাছাড়া শিল্পসংস্কৃতিতে — সর্বশ্রী অশোক মুখোপাধ্যায় (নরক-গুলজার খ্যাত), মেঘনাদ ভট্টাচার্য (সায়ক গোষ্ঠী), শুভ্রজিৎ দত্ত, সুরজিত (টি. ভি) (অনেকের পদবি বিস্মৃত), ব্রহ্মতোষ, বিস্বতোষ, ভাস্কর (এরা প্রত্যেকেই সঙ্গীত শিল্পী) প্রভৃতি শিক্ষার্থীরা বিদ্যালয়কে সমৃদ্ধ করেছিল।এভাবেই শৈলেন্দ্র সরকার বিদ্যালয় শুধু অধ্যয়ন নয় সর্বাঙ্গীণ দিক থেকে সর্বজনবিদিত হতে পেরেছে।

আজ শতাকীর মাহেন্দ্রক্ষণে এসে আমার নিজেকে ধন্য বলে মনে হচ্ছে যে শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ের সঙ্গে আমি প্রত্যক্ষভাবে জড়িত ছিলাম ছাত্র হিসেবে (১৯৫৪-১৯৬১, ৭ বছর) আর শিক্ষক হিসেবে (১৯৬৮-২০০৪,৩৬ বছর)। যদিও এখনও বিদ্যালয়ের সঙ্গে আমার নিবিড় সংযোগ রয়েছে।

পরিশেষে একটা কথা না বলে আমি পারছি না। সেটা হল, অনেকেই আমায় প্রশ্ন করেছেন যে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা শৈলেন্দ্র সরকার মহাশয়ের মূর্তি প্রধান শিক্ষক ও রেক্টর শ্রী জ্যোতির্বিকাশ মিত্রের মূর্তি প্রতিষ্ঠার এতদিন পরে কেন হল ? এই প্রশ্নের জবাবে আমি তাঁদের বলতে চাই যে বিদ্যালয়ের প্রবর্তক আচার্য শৈলেন্দ্র সরকারের শিক্ষা নিকেতনটির শতবর্ষ অতিক্রমের মাহেক্রক্ষণে মূর্তি স্থাপন, প্রকৃত পক্ষে তাঁর পদমূলে বর্তমান জাতীয় শিক্ষক ডঃ সহদেব বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তাঁর অন্তরের শ্রদ্ধার্ঘ্য নিবেদন ছাড়া কিছুই নয়। কারণ এই বিদ্যায়তনের সুবর্ণ যুগ সৃষ্টিকারী মহর্ষি শিক্ষক জ্যোতির্বিকাশ মিত্র 'সরস্বতী ইসটিটিউপনের' নামকরণ পরিবর্তিত করে প্রতিষ্ঠাতার নামেই বিদ্যালয়ের নামকরণ করেছিলেন ''শৈলেন্দ্র সরকার বিদ্যালয়", সকল শিক্ষক শিক্ষার্থী, অভিভাবক তথা সকলের মনেই সর্ব সময়ের জন্য তাঁর পূর্বসূরিকে স্মরণীয় করে রাখবার জন্যেই।শতাব্দীর শুভক্ষণে স্রস্টার প্রতি তাঁর শ্রেষ্ঠ সৃষ্টির এই উপহার সকলের স্মৃতির মণিকোঠায় প্রতিষ্ঠা করার কি স্বর্ণোজ্জ্বল দৃষ্টান্ত নয়। কৃতজ্ঞ-উদার-প্রশস্ত হদয়ের এই শ্রদ্ধাঞ্জলি শিক্ষানিকেতনের শতবর্ষের শুভ উৎসবকে মহিমান্বিত করবে বলে আশা রাখি।আর এই শতবর্ষের আলোকাভিসারের পথে যাঁর কর্মপ্রদীপ্ত মনের ছোঁয়া পেয়ে আমরা প্রসন্ন হই, তিনি নব প্রজন্মের শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ের জাতীয়-শিক্ষক ড: সহদেব বন্দ্যোপাধ্যায়।

শৈলেন্দ্র নাথ সরকার স্কুলের শতবার্ষিকী

আমার দাদাশ্বশুর স্বর্গীয় শৈলেন্দ্রনাথ সরকারের প্রতিষ্ঠিত বিদ্যালয়ের শতবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন হয়েছে, শুনে আনন্দিত হলাম।আজ এই সামাজিক অবক্ষয়ের যুগে, যেখানে সর্বত্র নৈতিক অবনতি দেখতে পাচ্ছি, সেখানে তাঁর বিরাট আদর্শের কথা মনে রেখে ও সেই পথে চলে স্কুলটি সুনাম অর্জন করেছে। নাবিক যদি শক্ত হাতে হাল ধরে, তো বড়-তুফানেও নৌকা সঠিক পথে চলতে পারে। তিনি বিশাল মনের মানুষ হয়েও আচার-ব্যবহার ও জীবন যাপনে খুবই সহজ সরল ও আড়ম্বরহীন ছিলেন। তিনি তথাকথিত শাস্ত্রাচার না মানলেও ঈশ্বরে গভীর ভক্তি ও বিশ্বাসসম্পন্ন ছিলেন। "জীবে প্রেম করে যেই জন, সেইজন সেবিছে ঈশ্বর" — স্বামীজীর এই বাণীটি তাঁর জীবনে মূর্ত হয়ে উঠেছিল।কত গরীব, দুঃখীকে যে তিনি অন্ন-বস্ত্র-ওমুধ-পথ্য দিয়ে সাহায্য করতেন তার অন্ত নেই।অনেক দরিদ্র

ছাত্রদের লেখাপড়া ও আহার-বাসস্থানের ব্যবস্থা করে দিয়েছিলেন, সেই সব ছাত্ররা তাঁর সাহায্য পেয়ে জীবনে সুপ্রতিষ্ঠিত হয়েছিল। আনন্দের কথা, তাঁর প্রতিষ্ঠিত এই বিদ্যালয়ে প্রধান শিক্ষক ডঃ সহদেববাবুর (জাতীয় শিক্ষক) অভিভাবকত্বে এই পথই অনুসৃত হচেছ। মঙ্গলময়ের চরণে প্রার্থনা করি দিন দিন এই বিদ্যালয়ের শ্রীবৃদ্ধি হোক। ছাত্ররা যথার্থ জ্ঞান অর্জন করে, সত্য পথে চলে, দেশের মুখ উজ্জ্বল করুক। মানুষের মতো মানুষ হোক।

এই সব অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে, প্রধান শিক্ষক মহাশয় ও কার্যনির্বাহক সমিতির সকলকে ধন্যবাদ জানাই। নমস্কার।

> শৈলেন্দ্র নাথ সরকারের পৌত্রবধূ নন্দিতা সরকার। (বিষ্ণু সরকারের স্ত্রী)



স্মৃতির আড়ালে

ডা. গণেশ বেদজ্ঞ (প্রাক্তন ছাত্র, স্কুল ফহিনাল, ১৯৫৩)

'The light of other days' নামে একটি ছোট্ট কবিতা IX-X -এ পাঠ্য ছিল। হেড মাস্টার মশাই ঐ কবিতা পড়াতে গিয়ে একটি গুরুত্বপূর্ণ কথা বলেছিলেন যার ভাবার্থ তখন অনুধাবন করতে পারিনি।আজ জীবন সায়াক্ছে এসে মর্মে মর্মে বুঝতে পারছি। বলেছিলেন Past has a strange fascination for a man advanced in years. একটি গানের কলিতে এই ভাবধারা আছে — স্মৃতিগুলো কিছুতেই পিছু ছাড়ে না।

আমি ১৯৫০ থেকে ১৯৫২ (VIII to X) এই স্কুলে পড়ি। ১৯৫৩-তে স্কুল ফাইনাল পরীক্ষা দিই। ১৯৫১-তে Matriculation পরীক্ষা শেষ। ঐ বছর আমাদের স্কুলের শ্রী সুনীল পাল First হয়। ১৯৫২ থেকে School Final পরীক্ষা শুরু হয় এবং আমাদের স্কুলের শ্রী শঙ্কর প্রসাদ মিত্র চতুর্থ স্থান অধিকার করেন।

স্কুল শুরু হতো প্রার্থনার মাধ্যমে। প্রার্থনাটি শুনেছি শৈলেন্দ্র সরকার মহাশয়ের রচনা। কী গভীর ব্যঞ্জনা! হেড মাস্টার মশাইয়ের ঘরের সামনে দু-জন ছাত্র হারমনিয়াম সহকারে গাইত। ঘন্টা বাজার সঙ্গে সঙ্গে শুরু হতো প্রার্থনা সঙ্গীত। হেডস্যার তিন তলার উত্তর পশ্চিম কোণে দাঁড়িয়ে থাকতেন। প্রত্যেক ঘরের ছাত্ররা দাঁড়িয়ে প্রার্থনা সঙ্গীত শুনত, pindrop silence বিরাজ করত। পরিবেশটা পাল্টে যেত। এক দিব্য পরিবেশ। প্রার্থনা সঙ্গীতটি ঘড়ির পাশে লেখা ছিল। স্থার্থনা সঙ্গীতটি ঘড়ির পাশে লেখা ছিল। স্থার্থনা তরে রচিত। কয়েকটি লাইন উল্লেখ করছি — তুমি অনাদি তুমি অনন্ত জ্ঞান ধ্যান অগোচর/ঘোষিছে তোমার মহিমা অপার নিথিল

বিশ্বচরাচর। কবি নজরুল লিখেছেন — নাই ভগবান, নাই ধর্ম যাদের শিক্ষামূলে ছিন্নমস্তা শিক্ষা শুধু শয়তানী ইস্কুলে।

দুপুরে স্কুল থেকে টিফিনের ব্যবস্থা ছিল। হেডমাস্টার মশাই স্বল্প পরিমাণ অর্থের বিনিময়ে এর ব্যবস্থা করেছিলেন। স্কুলে রান্নাবান্না হতো। স্বাস্থ্যের দিকে তীক্ষ্ণ নজরের পরিচয়। ছেলেরা বাইরে যেতে পারত না। প্রতিদিন নতুন নতুন টিফিন, একঘেঁয়েমির চিহ্নমাত্র থাকত না।

স্কুলের মধ্যমণি ছিলেন প্রধান শিক্ষক। তাঁর প্রতিটি movement দেখার মত। ব্যক্তিত্ব ভাষায় প্রকাশ করার নয়। অনূভূতির বিষয়। মহান পুরুষদের বৈশিষ্ট্য — বজ্রাদপি কঠোরাণি মৃদুণি কুসুমাদপি —

বজ্রের মতন কঠিন আবার কুসুমের থেকে কোমল। এক দিব্য জীবন। গীতাতে আছে —

যদ্ যদাচরিতি শ্রেষ্ঠস্তওদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ততে।। \$/২১
শ্রেষ্ঠ ব্যক্তিরা যেমন যেমন আচরণ করেন, অন্যেরা
তাই অনুসরণ করে; কার্যক্ষেত্রে তিনি যে মান রক্ষা করে
চলেন— অন্য লোক তাই অনুসরণ করে।

মহাভারতে যুধিষ্ঠির বলেছেন — মহাজনে যেন গতঃ স পন্থা।

একটি কবিতায় এই spirit পাওয়া যায় — মহাজ্ঞানী মহাজন যে পথে করে গমন / হয়েছেন প্রাতঃ স্মরণীয়/ সেই পথ লক্ষ্য করে স্বীয়কীর্ত্তি ধ্বজা ধরে / আমরাও হব বরণীয়।

আমাদের হেডমাস্টারমশাই ছিলেন এই শ্রেণির মানুষ।

একই পাড়ায় থাকার সুবাদে ওনার দৈনন্দিন জীবনের অনেক ঘটনার সাক্ষী।প্রতিদিন সূর্যোদয়ের পূর্বে শয্যাত্যাগ করে, প্রাতঃকৃত্যাদি সেরে গীতা পাঠাদি সমাপ্ত করতেন।

ষামীজী বলেছেন — ধর্মকে আমি শিক্ষার সার বস্তু বলিয়া মনে করি। ভারতবর্ষের আদর্শ— Plain living high thinking। আমাদের প্রধান শিক্ষক ছিলেন এর মূর্ত প্রতীক। ওনার সহকারী শিক্ষকবৃদ্দেরাও ছিলেন উপযুক্ত সহচর। অথাৎ team টা ছিল একটা ideal combination. বিদ্যালয় নামক উদ্যানের মাস্টারমশাইরা এক একজন দক্ষ মালী। ওনার তদারকিতে ফুলগুলি প্রস্ফুটিত হয়ে মনোরম দৃষ্টিনন্দন উদ্যানে পরিণত হয়। অল্প বেতনে সন্তুষ্ট থেকে ওনারা সহজ সরল জীবনযাপন করতেন এবং স্বয়েত্ব আন্তরিকতার সঙ্গে শিক্ষা বিতরণ করতেন।

মস্তিষ্কচর্চার সঙ্গে শারীরচর্চার ও ব্যবস্থা ছিল। NCC ও Navy তে অনেক ছাত্র অংশ গ্রহণ করত, ছিল ফুটবল ও ক্রিকেট খেলার প্রচলন। প্রতিযোগিতায় অশগ্রহণ করে পুরস্কার পেত ছেলেরা। স্কুলে নিদর্শনগুলি বিদ্যমান।

ছাত্ররা নিজেদের মধ্যে সুসম্পর্ক বজায় রেখে চলত। দুষ্টুমি করলে 'গাধার টুপি' পরিয়ে দাঁড় করিয়ে রাখা হতো।

হেডমাস্টার মশাই কারও ব্যক্তিগত স্বাধীনতায় হওক্ষেপ করতেন না। Class IX এ পড়ি। একবার রাজনৈতিক আন্দোলন উপলক্ষে ওয়েলিংটন স্কোয়ারে একটা মিটিং এর ব্যবস্থা হয়েছিল। বাইরের কিছু ছাত্র স্কুলের গেটের বাইরে জমায়েত হয়েছিল। হেডমাস্টার মশাই গেটের সামনে দাঁড়িয়ে বললেন — যারা যারা যেতে চাও তারা যেতে পার। আমরা কয়েকজন ছাত্র অংশগ্রহণ করেছিলাম। পরবর্তীকালে কোনোরাপ প্রতিহিংসামূলক আচরণের সম্মুখীন হতে হয়নি। ওই উদার মানসিকতাকে আজও সম্রদ্ধ চিত্তে স্মরণ করি। স্বামীজী বলেছেন ছোট ছোট ঘটনার মাধ্যমে চরিত্রের আসল রূপটি ধরা পরে।

Test পরীক্ষার পর ভাল result-এর জন্য তিনটি Group এ ১৮ জন ছাত্রকে special coaching এর ব্যবস্থা করেছিলেন। স্কুলের মাস্টার মশাইরা school hours এর পরে বিনা পারিশ্রমিকে পড়াতেন। আজও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি ও প্রণাম করি এই প্রচেষ্টাকে। একটি অভিনব জিনিস করেছিলেন। উঁচু Class এর ছেলেদের দিয়ে পড়ানোর ব্যবস্থা করেছিলেন একদিনের জন্য।

স্কুলটা ভবিষ্যৎ ইমারত তৈরি করার একটা মহৎ প্রয়াস। জীবনের ভিত্তিটা এখানেই তৈরী হয়। ভাগ্যবান তারা যারা এই সময়ে নিষ্ঠার সঙ্গে নিজেকে তৈরী করে। বিদ্যা দদাতি বিনয়ং — বিদ্যা বিনয় দান করে। শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্ — শ্রদ্ধাবান যে সেই জ্ঞান লাভ করে। আমাদের দরকার জ্ঞান অর্জন করা, ডিগ্রি অর্জন করা নয়। অর্থ রোজগারের যন্ত্র হওয়া লক্ষ্য নয়, মান হুঁশ হওয়াই লক্ষ্য। মনুষ্যত্ব লাভেই জীবনের পরিপূর্ণতা। একটি কবিতার অংশ—লেখাপড়া শিখেও লোক মানুষ নাহি হয়, ষোলো আনা স্বার্থ যদি মনের মাঝে রয়। স্বামীজী বলেছেন The more you are unselfish the more you are religious. কবি বলেছেন — ধর্মে মহান হবে কর্মে মহান হবে। ধর্ম বলতে স্বামীজী বলেছেন — Be good and do good. তিনি আরও বলেছেন —Be and make, নিজে তৈরি না হয়ে অপরকে তৈরি করার প্রচেষ্টা হবে কাণাকে কাণার পথ দেখানোর মতন। বর্তমান অবস্থা দেখে নজরুলের একটা কথা মনে পড়ে — অসহায় জাতি মরিছে ডুবিয়া জানে না সন্তরণ।

আমরা ভাগ্যবান, যে পরিমন্ডলে স্কুলে ছিলাম তা এক আদর্শ ভাবাপন্ন। এক মহান জ্যোতিদ্ধের অভিভাবকত্বের নিয়ন্ত্রণাধীনে আমরা মানুষ হবার সুযোগ পেয়েছিলাম। ইংরেজী একটা কথা আছে — Example is not the main thing in influencing others, it is the only thing.

রামকৃষ্ণদেব বলেছেন — গাছ যখন ছোট থাকে তখন বেড়া দিয়ে ঘিরে রাখবে যাতে গরু ছাগলে না খায়। স্কুলে মাস্টারমশাইরা চারা গাছগুলো রক্ষণাবেক্ষণ করেছিলেন বলেই শিশুগুলো মহীরুহে পরিণত হতে পেরেছিল। তাই সাহেবরা বলেছেন — Child is the father of man. আমরা খুব সুকৃতির ফলে তাপস জ্যোতির্বিকাশের পদতলে ঠাই পেয়েছিলাম। কীর্তি স্থাস্যতি শাশ্বতী — কীর্তিই চিরকাল থাকে। কবি বলেছেন সেই ধন্য নরকুলে, লোকে যারে নাই ভুলে/ মনের মন্দিরে নিত্য সেবে সর্বজন। স্বামীজী বলেছেন— পৃথিবীতে এসেছিস যখন তখন একটা দাগ রেখে যা। তুলসীদাসের দোঁহার বাংলা তর্জমা— প্রথম যেদিন তুমি এসেছিল ভবে / তুমি মাত্র কেঁদেছিলে, হেসেছিল সবে/ এমন জীবন হবে করিতে গঠন / মরণে হাসিবে তুমি কাঁদিবে ভুবন।

শিক্ষা সম্বন্ধে স্বামীজী বলেছেন — We want that education by which character is formed, strength of mind is increased, intellect is expanded, and by which one can stand on one's own feet.

চরিত্র সম্বন্ধে বলেছেন — Neither money pays, nor name, nor fame, nor learning, it is character that can clear through adamantine walls of difficulties. তিনটে P র কথা বলতেন —Purity, Patience and Perseverance. নিজের মধ্যে আত্মবিশ্বাস থাকতে হবে। নজরুল বলেছেন — বল বীর, উন্নত মম শির।... আমি বেদুইন, আমি চেঙ্গিস, আমি আপনারে ছাড়া করিনা কাহারে কুর্নিশ।

মহাপুরুষেরা এক একটি হিমশৈল। জলের উপর ১১ ভাগের ১ ভাগ দেখা যায়। বাকি ১০ ভাগ জলের নীচে। তাই ওনাদের যেটুকু প্রকাশ্যে আসে তা অতি সামান্য।

সংস্কৃতে একটি শ্লোক আছে — যথা খরঃচন্দন ভারবাহী ভারস্য বেত্তা নতু চন্দনস্য।।

গাধা চন্দনকাঠ বয়ে বেড়ায় কিন্তু চন্দনের ঘ্রাণ পায় না।আমাদের অবস্থা গাধার মতন।মহামানবদের সংস্পর্দে আসলেও তাঁদের মহৎ জীবনের কিছুই অনুভূত হয় না। এমনই আমাদের সংস্কার! স্বামীজী যেদিন ধরা থেকে চলে গেলেন সেদিন একটি বিখ্যাত কথা বলে গেলেন। স্বামী প্রেমানন্দ কথাটি শুনেছিলেন। বিবেকানন্দ কী করে গেল আর একটা বিবেকানন্দ থাকলে বুঝতে পারত।

জ্যোতির্বিকাশ মিত্র কী করে গেছেন তার জুলস্ত সাক্ষ্য বহন করছে — দু-দুটো স্কুল ও তাঁর কৃতী ছাত্ররা। নারীশিক্ষার গুরুত্ব উপলব্ধি করেছিলেন গভীরভাবে।তাই প্রতিষ্ঠা করলেন গিরিবালা সরকার বিদ্যালয়। একজন শিক্ষকের শ্রেষ্ঠ সম্মান—জাতীয় শিক্ষকের স্বীকৃতি।

আমরা সত্যিই ভাগ্যবান যে এইরকম ক্ষণজন্মা তাপসের সানিধ্যলাভ করার সুযোগ পেয়েছিলাম।

শৈলেন্দ্র সরকার মহাশয় উপযুক্ত উত্তরসূরির হাতে বিদ্যালয়ের দায়িত্ব অর্পণ করে গিয়েছিলেন

প্লেটো বলেছেন ঐতিহ্য সম্বন্ধে — By the past through the present to the future. আমাদের বর্তমান প্রধান শিক্ষক মহাশয়ও 'জাতীয় শিক্ষক' সম্মানে ভূষিত। আশা করি এই প্রবহমান গৌরবধারা স্তিমিত হবে না কখনও। শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ের ছাত্র বলে যে আত্মাভিমান ছিল তার অস্তিত্ব ভবিষ্যতেও থাকবে। আমাদেরও দায়িত্ব থাকবে স্কুলের মর্যাদা যেন ক্ষুপ্ত না হয়। পৃথিবীর বিভিন্ন প্রান্তে আমাদের বিদ্যালয়ের ছাত্ররা সসম্মানে কাজ করছেন। আগামী প্রজন্মও এই ধারা বজায় রাখবে। বর্তমান ছাত্রদের কাছে নিবেদন — তোমরা মানহুঁশ হও। স্বামীজীর কথা— Be a heart-whole man. Love is the only law of life. Struggle is life — এই কথাগুলি বাস্তবায়িত করতে চেষ্টা করতে হবে নিষ্ঠা সহকারে ও ধ্বৈর্যের সঙ্গে।

ঈশ্বরের কাছে এই পরম প্রার্থনা কবির ভাষায় বলি

— মুখে হাসি বুকে বল তেজে ভরা মন / মানুষ হইতে
হবে এই যার পণ।

যেখানে পড়বে সেথায় দেখবে আলো

গৌতম সেনগুপ্ত (প্রাক্তনী, ১৯৬৮-৭২)

'জ্যোতির্বিকাশ' একটি ব্যক্তির নামটুকু মাত্র নয়। একটা গোটা যুগ এবং একটি মনোভঙ্গির নাম।

' শৈলেন্দ্র সরকার বিদ্যালয়' (প্রতিষ্ঠা ১৯২০) কে তিনি একটি প্রতিষ্ঠান থেকে একটি আলোকস্তন্তে রূপান্তরিত করেছিলেন। বাগবাজার হাইস্কুল থেকে ঠাঁই বদল করে ১৯৬৮-তে অস্টম শ্রেণিতে পড়তে এসে এমনটাই মনে হয়েছিল।

তিনি প্রথম দেখার লগ্ন থেকেই ছাত্রমনে জাদু সঞ্চার করতে পারতেন, তা সে ছাত্র যেমন মাপেরই হোক না কেন। কোনো বিশেষ ধর্মীয় সম্প্রদায়ের অনুমোদনভুক্ত হয় বহু স্কুল কলেজ / সেরকম আনুষ্ঠানিকতা ছিল না। ছিল দিনশুরুর মঙ্গলাচরণ ঈশ্বরের বন্দনাগান। তারপর শ্রেণিকক্ষে দৈনন্দিন ব্যস্ততা। সারা স্কুল জুড়ে মনীবীর বাণী Work is worship, Love thy neighbour ইত্যাদি। বেলা বাড়লে প্রতি শ্রেণির প্রতি ছাত্রের জন্য সামান্য জলযোগের আয়োজন। বৎসরাস্তেক্রীড়া প্রতিযোগিতা, ফুটবল দল তৈরি করে খেলানো। শ্রুদ্ধেয় নিতাইপদ কপার্টের পরিচালনায় গ্রন্থাগারে সারি সারি বইয়ের মনোরম সারিধ্য। আজ এসব রূপকথা মনে হয়।

এ ছিল আমাদের ঘটমান বা নিত্য বর্তমান। পরে জেনেছি তিনি প্রাক্তনছাত্রদের অকৃপণ স্নেহে স্কুলের সঙ্গে জড়িয়ে রাখতেন। কেউ দান করেছেন। ওঁর ডাকে সাড়া দিয়ে অনেকেই আংশিক সময়ের জন্য পাঠদানে ব্রতী হয়েছেন। রোটারি ক্লাবে ছাত্রদের প্রতিযোগী হিসেবে পাঠিয়েছেন। উঁচুক্লাশের ইংরাজী পাঠদান মূলত তাঁর হাতেই থাকতো। প্রতিদিন তো বর্টেই গ্রীম্মাবকাশ ও শারদোৎসবের ছুটিতেও প্রত্যহ চলতো পাঠদান।

পাশাপাশি তাঁর অসীম সহিষ্ণুতা, ছাত্রবাৎসল্য এবং আত্মনিবেদন দেখে শিক্ষাকতাবৃত্তিকে শ্রদ্ধা করতে শিখেছি। অগ্রজ শিক্ষকের অনুভূতির অনুরণনে আমিও বলি 'এ স্কুল আমার দ্বিতীয় মা' (আমার ক্ষেত্রে এ ভূমিকা অবশ্য দুটি স্কুলেরই)।পুজোর পরে প্রণাম করলেই নারকেল নাড়ু।দোলে রঙ দিলেও তাই।

অসংখ্য স্মৃতি, অথচ মোটে তো চারটে বছর। সিলেবাস শেষ করিয়েও আরো অনুশীলনের জন্য যেতে বলতেন। পুরস্কার বিতরণী সভার জন্য নিজে জুলিয়াস সীজার থেকে মার্ক অ্যান্টনির বক্তৃতা আবৃত্তি করতে শিখিয়েছেন।

উত্তর কলকাতার সব স্কুলে ছাত্র ধর্মঘট। কেবল আমাদের স্কুল ব্যতিক্রমী, কারণ তার দরজায় দাঁড়িয়ে সিংহগর্জনে জ্যোতির্বিকাশ: 'আমার স্কুলে স্ট্রাইক হয় না'। এলো সত্তরের দশকের রাজনৈতিক আন্দোলন। থমকে গেছেন, কিন্তু থামেননি। এলো বাংলা দেশের মুক্তিযুদ্ধ (১৯৭১)।সভা করে সমর্থন ও সাহায্য পাঠালেন।

কখন যে সহস্রদল পদ্মের মত ফুটতে শিখেছি, খেয়ালই করিনি।নানা কাজে ভুলেই থেকেছি তাঁর কথা। সুবর্ণজয়ন্তীতে (১৯৭০) আমি খুবই সক্রিয় ছিলাম, বিশেষ করে নাট্যাভিনয়ে। এখন সেসব শুধুই স্মৃতির পাতায়।

লড়াইটা তাঁর একলার ছিল না। তৈরি করেছিলেন প্রবীণে নবীনে মিলিয়ে এক ব্রতীসঙ্ঘ, পড়ানো যাঁদের কাছে নিছক পেশা মাত্র ছিল না। পড়াটাও আমাদের কাছে গুরুভার হয় নি।

সমাজ সংগ্রাম বদলে গেছে। পেশার তাগিদে অনেক রকম সমঝোতা শিখতে হয়েছে। তবু মনে পড়ে, একদিন একটি বিশেষ সভায় তিনি বলেছিলেন 'বাইরে গেলে লোকে যেন তোমাদের শৈলেন্দ্র সরকারের ছাত্র বলে চিনতে পারে'। বিদেশে বক্তৃতা দিতে আহুত হবার সম্মান পেয়ে আমার মন সেই দিনটিতে ফিরে গিয়েছিল। আজ যদি—

রবীন্দ্রনাথের *ডাকঘর* নাটকে অমল পভিত হতে চায়নি। বলেছিল ' আমি দেশে দেশে ঘরে ঘরে তাঁর চিঠি বিলি করে বেড়াবো'। আমার মনে হয় এ যেন জ্যোতির্বিকাশেরই নিজের মস্ত্র। আজও তিনি লোক থেকে লোকান্তরে এবং কাল থেকে কালন্তরে বাঁচার মস্ত্র বিলি করে বেড়াচ্ছেন, যাঁর চিঠি, তিনি যে তাঁরই বার্তাবাহী।

Steadily Marking Time

Dr Manas Das (Teacher)

1920. It was the best of times and it was the worst of times. Just a couple of years passed since the end of the global mayhem called First World War which shook the world and mangled many parts of Europe beyond recognition. The horror was gone, but the fallout still remained. The shattered world was in desperate need for sanity. Out of this urgent search for peace and mutual trust and respect among nations, the League of Nations was founded this year. Back home, the entire country was on boil. It was the year when Gandhiji launched Non-Cooperation movement against the British rulers. In the educational front, the University of Lucknow was founded in this year, and Muhammadan Anglo-Oriental College, founded by Sir Syed Ahmed Khan in 1875, became Aligarh Muslim University. It was in the early days of this very year in Kolkata that Sailendra Sircar Vidyalaya (then Saraswati Institution) started its auspicious journey on 5th January. That tender sapling has now become a full-grown tree, reaching its centenary year in 2019. It is no mean achievement for an educational institution to reach one hundredth year or complete one hundred years of its existence as it reflects the inner strength of the institution as well as the vision of its founders. It also speaks volumes about the desire and determination of its teachers in keeping alive its motto of providing young learners true

education which is a combination of intelligence and character. For students, Sailendra Sircar Vidyalaya or S.S.V. is not just a school building with some pillars and walls, it has their tomorrow inside. Many institutions were born before and after, but few have survived the ravages of time or have succeeded in keeping up the high level of excellence for so long. Yet, through untiring service and a will to improve and excel, Sailendra Sircar Vidyalaya held fast not allowing it to dwindle into insignificance with the passing of years. We are reminded of the great stories of the likes of Harrow and Eton whose prominence and popularity have risen with time. They have not fallen victims to the whims of mighty Time-but have been, like wine, enriched by it.

But it was not easy for Sailendra Sircar Vidyalaya to carve a niche for itself as a noteworthy educational institution in the North Calcutta neighbourhood which was a citadel of Bengali aristocracy at that time. Already a number of schools were there well into their fame for some years. Town School was established in 1894, Shambazar A. V. School in 1855, and Scottish Church Collegiate School in 1830. So to make a mark of its own, it required something special to offer in terms of quality education. And it delivered. Soon the school held ground and started its upward journey to a point of sheer

excellence. The miracle was possible because of the zeal and vision of the founder Headmaster Sailendranath Sircar who had education in his gene. His father Peary Charan Sircar (1823-1875) was a noted Bengali educationist and text-book writer whose series of Reading Books introudced a whole generation of Bengalis to the English language. Their original family surname was 'Das' and one ancestor Bireshwar Das got the 'Sarkar' title for his services to the then Nawab. Peary Charan was also a pioneer of women's education in Bengal and was called the 'Arnold of the East'. Sailendranath's brother J.N. Sircar was a Barrister-at-Law and was one of the earliest Indian students of Balliol College, Oxford.

Down the years, S.S.V. grew in size as well as in reputation. The students of the schooll stood first for a number of years in the Matriculation Examination (the than school leaving examination) schoole than The first laurel came in 1933. The first student from this institution to stand first in the Matric exam was Dhirendranath Kundu. In 1934 again the school bagged the top rank. This time it was Atul Mukhopadhyay. Similar feats came about in the following years. Soon the school reached a place of prominence among the best vernacular schools in Bengal. And then it was Jyotirbikash Mitra who as the legendary Headmaster of the school earned enviable fame for this iconic institution. Aman, known for plain living and high thinking, Mitra left no stone unturned to provide best education

to the young learners of the north Calcutta neighbourhood. Sailendra Sircar Vidyalaya with him as Headmaster or later as Rector not only continued to perform excellently in the University or Board exams, but also began to excel remarkably in the sports arena and in many fields of co-curricular activities. Mitra himself was an inspiration and model educator. No wonder many alumni who later earned fame and recognition for themselves in their own fields feel indebted and grateful, till date to this legendary teacher. He was conferred 'National Teacher' award in 1960 by the Government of India in recognition of his great service in the field of education. He was a bachelor and stayed in the school building leading a very ordinary life like a sage. But he infused the spirit of discipline, dedication and excellence both among the teachers and the students.

Tucked deep inside Shyampukur Street, S.S.V. faces a positional disadvantage compared to some neighbouring schools which are lucky to get the attention or limelight of big roads or streets like Central Avenue or Bidhan Sarani. Yet it overcame the disadvantage and achieved some feats not equalled by any other school in the neighbourhood or even in the entire state. Sailendra Sircar Vidyalaya can claim to be the first school in West Bengal which has had both a Chief Minister (Buddhadev Bhattacharjee) and a Governor (Shyamal Kumar Sen) of the same state as among its glittering alumni. Jyotirbikas Mitra

was also the first recipient of 'National Teacher' award from West Bengal. From an Assistant Teacher, J. B. Mitra became the Headmaster of the school in 1930. And his tenure as a headmaster was a golden period in the history of the school. The school became synonymous with pure excellence in all departments of school education. It was a name to envy, and students felt proud to be wards of this school and teachers felt honoured and rewarded. He was a visionary and cared not only for the academic side, but also for the physical well-being of his learners. The country was at that time going through a period of rising unemployment, and Mitra felt that along with studies skill development was also necessary. So he arranged for craft and technical education in his school. He introduced light and nutritious refreshment for students in the tiffin break which is nowadays conducted by Sarva Siksha Mission and is called 'midday meal'. He realised that knowledge cannot be imbibed in empty stomachs and the provision for tiffin-break refreshment is a pointer to his far-sightedness and his love for students and concern for their well-being.

The centenary of this institution brings for all teachers, students, present or past, guardians, local people and well-wishers an opportunity to pay homage to this timerested institution for its marvellous tradition and achievements spanning around one

hundred years. Laurels are still pouring in, and in 2014 the present Headmaster Dr Sahadev Bandyopadhyay received National Teacher award from the Government of India. Ashoke Sen, an ex-student of this school, is currently the most famous physicist in the country with his numerous contributions in the field of string theory. He has got many national and international awards. He has also won the three-million dollar Fundamental Physics Prize which is the most lucrative academic prize in the world (Nobel Prize is worth a little over 1.2 million dollars). Many present generation students and teachers too are also shining in different fields and a considerable part of them are well settled both at home and abroad. Tribute must also go to this institution for the way it has tided over tumultuous periods of its existence or of the society it belongs to. The partition of the country; the political upheavals like the Naxalite movement, the change of governments both at the State and the Centre have left their marks upon the normal functioning of day-to-day activity, but have failed to deliver serious blows that can maim the prestige, performance or progress of the school. Like a beacon in the stormy sea, it has continued to show light of education amid ruins of glory of some of its illustrious neighbours. Herein lies the greatness of Sailendra Sircar Vidyalaya. It is steadily marking time when others have given up, petered out or withered away.

বর্তমান ছাত্ররূপে আমার চোখে আমার স্কুল

পুরুষোত্তম সাহা, দশম শ্রেণি

''সমস্তই স্মৃতি হয়ে যায়।''

নজরুল ইসলাম।

সত্যিই তো! একদিন সবই স্মৃতি হয়ে যায়। আজ যা বর্তমান কিংবা হয়তো ভবিষ্যৎ, একদিন সেটা হয়ে যাবে অতীত। হয়তো আবার ফিরে চাইব আমি, চোখ বন্ধ করে মনে করব সেই দিনগুলোর কথা, চোখের সামনে ভেসে উঠবে স্মৃতির স্বর্ণাক্ষরে রচিত পাতাগুলি। স্কুল! কথাটা শুনে চোখ বন্ধ করলেই আমার মনে পড়ে সেই দিনের কথা, যবে আমার বিদ্যালয়, শৈলেন্দ্র সরকার বিদ্যালয়ে ভর্তি হয়েছিলাম প্রথম।

শ্বৃতি চারণা করতে কার না ভালো লাগে! সেইসব
মধুর মুহূর্তও তাই আমি ভাগ করে নিচ্ছি আজ সবার
সাথে। সালটা ২০১২, ডিসেম্বরের শেষদিক। আমার
তখন সবে ক্লাস ফোর। তবে ইতিমধ্যেই একটি স্কুল
ছাড়তে হয়েছে।আমার পুরোনো স্কুলে ক্লাস ফোর পর্যন্তই
পড়তে পারতাম। তারপরেই শেষ বৃহৎ স্কুল জীবনের
একটি সামান্য অংশ, তবুও কন্টদায়ক। মা-বাবা সহ সব
অভিভাবক চিন্তায়! কোন স্কুলে ভর্তি হব, তা নিয়ে।
শুনেছি বন্ধুরা এ সবাই "শৈলেন্দ্র সরকার" নামের একটা
স্কুলে লটারিতে চাল পেয়েছে। আমার তো অতো ভাগ্য
নেই, তাই হয়নি। কিন্তু জেদ আছে। জেদ ধরলাম। মনে
আছে কোন একটা স্কুলে ভর্তি হবার ফর্ম ভুলভাল Fillup করে, তারপর ছিঁড়েই ফেলেছিলাম। মারও খেতে
হয়েছিল, কিন্তু তখন কী ভেবেছিলাম যে সেই জেদ আজ
আমায় এখানে শ্বৃতি চারণার সুযোগ করে দেবে?

যাই হোক, অনেক ঝামেলার পর ভর্তি হলাম অবশেষে।স্কুলে ৪-৫ দিন পর থেকে যাওয়া শুরু করলাম। অচেনা একটা জায়গা। কিন্তু পুরোনো সব বন্ধু আবার একসাথে। পড়াশোনার চাপ প্রায় নেই। পুরোনো বন্ধুরাই ধীরে ধীরে ধাতস্ত করল আমাকে জায়গাটার সাথে। ধীরে ধীরে শিক্ষকদের সংস্পর্শে আসা শুরু করলাম। বুঝলাম, তারাও আমাদের কতটা ভালোবাসেন। আজও নীচের কোণার V - C-এর ঘরটাতে গেলে সমস্ত স্মৃতি তাজা প্রাণ নিয়ে বেঁচে ওঠে। মেলায় অনেক সময় একরকম গাছ দেখা যায়, সঞ্জীবনী গাছ, শুকনো খড়কুটোর মত যেন। কিন্তু জলে কয়েক ঘণ্টা রাখলেই তা সতেজ হতে শুরু করে। স্মৃতি ও যেন তাই। তা থেকেই আমরা বাঁচার প্রেরণা পাই।

সত্যি স্কুলটাকে বড় ভালোবেসে ফেলেছি। দুঃখ হয়, একদিন একেও ছেড়ে যেতে হবে। কিন্তু যাব কীভাবে ? স্কুল যে আমার কাছে বাড়ির মতোই। আমি বলি, আমার নিজের বাড়িঘর, যেখানে একা থাকতে আমার সবথেকে ভালা লাগে, তা হল আমার স্কুল। আমার দ্বিতীয় বাঁড়ি এটা। কত স্মৃতি, কত কথা, কত শিক্ষক, কত ছাত্র, কত আনন্দ, কত প্রাণ, কত রঙে রাঙা!

শুনেছি, ১৯২০ সালের ৫ই জানুয়ারি শ্রাদ্ধেয় ও ম্বর্গীয় শৈলেন্দ্র সরকার স্কুলটি প্রতিষ্ঠা করেছিলেন অন্য একটি বাড়িতে, রাজবল্লভ পাড়ার কাছে। তাঁর মৃত্যুর পরে তাই তাঁরই নামে নামান্ধিত হয়। বর্তমান ঠিকানাটা ৬২ এ, শ্যামপুকুর স্ট্রিট, "শ্যামপুকুর বাটার" কাছেই।স্কুলে ঢুকলেই দুটি মূর্তি। একটি বিদ্যালয় প্রতিষ্ঠাতা স্বর্গীয় শেলেন্দ্র সরকারের, অপরটি স্বর্গীয় জ্যোতির্বিকাশ মিত্রের, যিনি একদা এই স্কুলের প্রধান শিক্ষক ছিলেন এবং বিদ্যালয়ের আমূল পরিবর্তন তথা উন্নতি ঘটিয়েছিলেন। সেই পদেই আজ আসীন ডঃ সহদেব বন্দ্যোপাধ্যায়, যিনি দীর্ঘ ১৫ বছর ধরে সুষ্ঠু ভাবে তাঁর কর্ম করে যাচ্ছেন। তাঁর সুদীর্ঘ অভিজ্ঞতা, তাঁর প্রতিটি কাজে সুম্পন্ত ছাপ

রেখে যায়। বিজ্ঞানের ছাত্র তিনি কাগজে কলমে, তার থেকে অনেক আগে তিনি প্রকৃতির ছাত্র। তাঁর হাত ধরেই পেয়েছি আমরা আমাদের অডিটোরিয়াম, গ্যালারি রুম, বিদ্যালয় প্রতিষ্ঠাতা বাবু শৈলেন্দ্র সরকারের আবক্ষ মুর্তি জ্যোতির্বিকাশ মিত্রের মূর্তির পাশেই। তাঁর সহযোগিতায় আমরা পাঠ্যসূচি বহির্ভূত বিজ্ঞান জগতের সাথে যোগসাধন করতে পারছি, তাঁর উদারতা ও ছাত্রদের সাথে ঘনিষ্ঠতা, জীবনে চলার পাথেয় রূপে তাঁর জ্ঞান এবং উদাহরণস্বরূপ তার অভিন্নতা আমাকে অনুপ্রাণিত করে।

আমাদের বিদ্যালয়ের কথা বলতে গেলে সবার আগে আসে আমাদের বিদ্যালয়ের নীতিশিক্ষা, আমাদের ছাত্রদের মূল্যবোধ ও সংস্কৃতি। কঠোর শ্রম ও নিয়মানুবর্তিতার যে কোনো বিকল্প হয় না তা আমাদের স্কুলের থেকেই শেখা। স্কুলের লোগোতেই লেখা আছে "Work is Worship"। তার জেরেই স্কুলের গণ্ডির বহু দূরে জয় পতাকা লাগিয়েছে স্কুলের ছাত্ররা। আমাদের প্রাক্তন ছাত্রদের অধিকাংশই আজ সুপ্রতিষ্ঠিত।তাদেরও ভিত গড়ে দিয়েছে এই স্কুল আর সংস্কৃতি, বিদ্যালয়ে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান। তাতে ছাত্রদের যোগদানের আগ্রহ এবং সর্বোপরি সকল ছাত্রের মানবিকতা তাঁর সাক্ষী দেয়। তবে বিদ্যালয়ের সংস্কৃতির কথা উঠলে, যার কথা না বললেই নয়, তিনি হলেন আমাদের তুষার স্যার, শ্রী তুষার কান্তি চক্রবর্তী। তাঁর অনুপস্থিতিতে বিদ্যালয়ের কোনো অনুষ্ঠান যেন অনুষ্ঠান মনে হয় না। সে গিরিশ মঞ্চের অনুষ্ঠানই হোক, কিংবা স্কুলের প্রজাতন্ত্র দিবস পালনের উৎসব। স্কুল! একে ঘিরেই তো সব কিছু। রোজ প্রার্থনা সঙ্গীত ''আনন্দলোকে মঙ্গলালোকে''-এর পর সবাই যে যার ক্লাসে। ১০-৫০ থেকে শুরু হয় স্কুল, সাথে থাকে কত মজা, কত আনন্দ, কিছু বেদনা; কত গল্প।স্যারেদেরকে কাছে পাওয়া একটার পর একটা ক্লাস। তারপর ১-৩৫ থেকে ২-১৫ অবধি টিফিন। খেলা, ঘুরে বেড়ানো, খাওয়া, মজা। তারপর আবার চারটে ক্লাস। তারপর ৪-৩০ তে ছুটি।তারপরই খালি হয়ে আসে স্কুল। কিন্তু আমার যেতে ইচ্ছা করে না। ইচ্ছা করে অন্ততঃ আরও কিছুক্ষণ সঙ্গে থাকি স্কুলের। তারপর তো একাই থাকতে হবে, কত চিন্তা ভিড় করে আসে মাথায়!

দায়িত্ব।হাঁা, দায়িত্বও একটা জিনিস বটে।ভালোলাগা আর না লাগার মধ্যে সে দণ্ডায়মান, লম্বভাবে, মাথা উচিয়ে। দায়িত্ব আছে আমারও স্কুলের প্রতি। কতকিছু দিয়েছে স্কুল আমাকে; কত জায়গায় গেছি স্কুলের তরফ থেকে। স্কুল আমাকে দিয়েছে সন্মান, ভালোবাসা, স্নেহ।আরও দেবে। আমার লেখাপড়া ও সংস্কৃতির মেলবন্ধনের কৃতিত্বও স্কুলেরই।আর আমি শুধুই নিয়ে যাব? না।যতদিন বেঁচে থাকব, চেস্টা করব স্কুলের ভালো করার। এই আমার দায়িত্ব। দায়ত্ব আমার, স্কুলের নাম উজ্জ্বল করার, দায়ত্ব সবার।

আজ স্কুলের সম্পর্কে লিখতে গিয়ে অনেকের কথা মনে পড়ছে। মনে পড়ছে, হরিনাথ বাবু, রাহুল স্যার, সত্যজিৎ স্যার, জয়শ্রী ম্যাম, মৌমিতা ম্যামের মতো সাহিত্য শিক্ষক-শিক্ষিকার কথা। বিশ্বজিৎ বাবু, তনুশ্রী ম্যাম, প্রিয়ঙ্কর বাবু, প্রলয় বাবু, স্লেহাশিস বাবুর মতো বিজ্ঞান শিক্ষক-শিক্ষিকা, প্রদীপ বাবু, বরুণ বাবু, শুভাশিষ বাবুর মতো অঙ্কের শিক্ষকদের কথা, শক্তিবাবু, প্রণববাবুর মতো ইতিহাস-ভূগোলের শিক্ষকদের কথা, অন্যরকম ক্লাস পেতাম প্রধান শিক্ষক, সহপ্রধান শিক্ষক শ্রী তিমির বরণ মাইতি, অভয়বাবু আর শশাঙ্ক বাবুর কাছে। সবার কথা লেখা সম্ভব নয়, কিন্তু প্রত্যেকেই নিজগুণে প্রতিষ্ঠিত। তাঁরা নিজেদের সন্তানের মতো আমাদের দেখেন, ভালোবাসেন, দেখিয়েছেন আমাদের লক্ষে পৌছানোর পথ। আবার, কোনো শিক্ষাগত প্রতিষ্ঠান, শুধু শিক্ষকদের নিয়ে চলে না। সরাসরি ভাবে শিক্ষকতা না করেও যারা আমাদের শিক্ষায় পরোক্ষভাবে সাহায্য করেছেন, তাদের ও ধন্যবাদ আর স্যালুট তাদের কাজের জন্য। সবাইকে নিয়ে তৈরি হয় স্কুল।

''জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।'' এই লেখাটা স্কুলের সিড়ির পাশেই খোদিত। সব

- শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🎳 শতবর্ষ স্মরণিকা

ছাত্র লেখা পড়ায় সমান হয় না; তবে এটুকু আমি নিঃসন্দেহে বলতে পারি, আমাদের স্কুলের প্রতিটি ছাত্র স্কুলটিকে প্রকৃত অর্থে ভালোবাসে।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'ছিন্নপত্র' রচনায় লিখছেন — ''পুরোনো স্মৃতিগুলি মদের মতো — যত বেশিদিন মনের মধ্যে সঞ্চিত হয়ে থাকে, ততই তার বর্ণ এবং স্বাদ এবং নেশা যেন মধুর হয়ে আসে।''

ভবিষ্যতে এই স্মৃতিগুলো নিয়েই বেঁচে থাকব, সকলের কৃতজ্ঞতা স্বীকার করে এই কামনাই করি।





CIN NO: U74899DL1986PTC023532

With Best Compliments from:

Ratna Sazar P. Ltd.

An ISO 9001-2015 and 14001:2015 certified company

BRANCH OFFICE

510, Jodhpur Park (Ground Floor)

Kolkata 700 068, West Bengal

Phones: (033) 40238000 (30 Lines)

Fax: (033) 40238099

Email: rsagar.kol@ratnasagar.com

CORPORATE OFFICE

Virat Bhavan, Mukherjee Nagar Commercial Complex, Delhi - 110009

Phone: (011) 47038000 (90 Lines) Fax: (011) 47038099, (011) 27650787

Toll Free: 1800-102-0201

Email: rsagar@ratnasagar.com

Website: www.ratnasagar.com



শোন ভাই-বোন, জবর খবর শুনতে যদি চাস মিষ্টিগুলোর সৃষ্টি-কথা করছি সবই ফাঁস। শোন প্রথমেই 'রসগোল্লা'র জন্ম-ইতিহাস আবিষ্কারক বাগবাজারের 'নবীন চন্দ্র দাশ'॥ ইনিই বিশেষ পদ্ধতিতে 'রসগোল্লা' টিনে -ভর্তি কোরেই পাঠান জাপান-জাভা-চীনে। দেশ-বিদেশে সবাই হেসে খাচ্ছে রোজই কিনে কে সি দাশে'র কদর দারুন বাড়ছে দিনে-দিনে॥









বিশ শতকের প্রথম দিকেই যোগ্য ছেলে তাঁর নাম 'কে সি দাশ' দিলেন আরেক 'মিষ্টি' উপহার। 'রসমালাই' খাই যত পাই, চাই তবু বারবার খেলাম তো ঢের, তাই বলি এর জুড়ি মেলা ভার॥ নিত্য নতুন নানান জিনিস বানান লোভনীয় ডায়াবেটিসের রোগীর তরেও মিলবে খাবার প্রিয়। সবাইকে এই খুশির খবর পোঁছে ' শিওর' দিও সাবাস – সাবাস, জয় 'কে সি দাশ', তুমি 'যুগ-যুগ জিও'॥ ভবানী প্রসাদ মজুমদার

क जि माना सहित्यों निविति

আবিষ্কারকঃ রসগোলা, অমৃতকুম্ভ, রসোমালাই

Website: www.kcdas.co.ir

शहरतिक त्रीय शहरतीय विकास

AND AND AND STORES OF THE STOR

Approprie

All operation

Find the propries also

where the community

Find the propries also

Find th

্রা প্রক্রার বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যালয় হিচাপে থাকি বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্য

Common Service Common

State State

Additional and the state

Addit

With best Compliments From:

SUPER COURIER SERVICES

2, Ramkanta Bose Street, Kolkata -3

Franchise of
DTDC+ Trackon Couriers

Ph: 8335004147 Ph.: 8444094979

J.P. Agarwal (M): 9830162977

Phone: (S) 22418590

22194699 Fax: (033) 22418590

Email: everybook73@yahoo.co.in

EVERY BOOK

Stockist:

I.C.S.E., I. S. C., C.B.S.E., Bengal Board, Open School, Computer & Competitive Books

18A, Shyama Charan Dey Street, Kolkata - 700 073 (Junction of College Street - M. G. Road)

:শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🎍 শতব	ষ স্মারাণকা

With Best Compliments from:

TATHYA EDUCATION TECHNOLOGY PVT. LTD.



= শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

With Best Compliments From:

Prop. : Somish Dutta

Ph.: 8910646441

9804126990

DUTTA CONSTRUCTION

Developer, Contractor, Promoter Consultant of your Land & Building

Office: 58B, Ramkanto Bose Street, Kolkata - 700 003 Resi: 7A, Ramkanto Bose Street, Kolkata - 700 003

With Best Compliments From:



Arijit Guçhait M: 98313 30527

Calcuttapolestubes@gmail.com

ISO 9001 2008 Certified

CALCUTTA POLES & TUBES CO.

Manufacturers of:

MS. GI & CI - STEEI TUBULAR POLES

Office:

17, Sreenath Das Lane, Kolkata - 700 012 (Bowbazar Loha Patti)

Ph: 033 - 29840123 Ph.: 033 - 2212 2841

Fax: 033 - 22360598

www.calcuttapolesandtubes.com

= শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

With Best Compliments From:

TA CONSTBUCTION

WELL

WISHER



With Best Compliments From:

SONU KUMAR JAISWAL

From: JAY MAA ENTERPRISE

With Best Compliments From:

Madhab Bose (Proprietor)

M/s. J.B.I. IMPEX

541/A, Rabindra Sarani Baghbazar, Kolkata - 3

Ph.: 9230533817, (O) 033 32568154

e-mail: jblimpex@gmail.com

With Best Compliments From:

MAHI BOUTIQUE

House of designer Sarees and Dresses.

Uma Das.

Mob.: 9038499408 / 9051713408

Advaita Apartment

36A, Santosh Roy Road,

Kolkata - 700 008

e-mail: uma 2010das@gmail.com

With Best Compliments From:

Ph: 9831350380

SANJOY BOOK STALL

34/B, Shyambazar Street, Kolkata - 700 005

SANJOY BOOK STORES

54/A, Shyampukur Street Kolkata - 700 004



Your Trust. Our mission.

Shree Honda | SHREE AUTO



MahindraRise





www.ShreeAuto.com

enquiry@shreeauto.com


98305 95000

Showrooms - Topsia, Salt Lake, Rajarhat, VIP, Barasat (x2), Diamond Hrbr, BT rd, Burdwan, Durgapur, Baruipur, Hooghly Service Centers - Topsia, Howrah (x2), Barasat (x2), Rajarhat, Kalikapur



শৈলেন্দ্র সরকার বিদ্যালয় • শতবর্ষ স্মরণিকা

With Best Compliments From:



COMPHONEX JEWELLERY & GEMS

35/1A, BAGHBAZAR STREET, KOL-3
PH: 25337216, M: 9804478067, 8420505891
Email: comphonexjewellery@gmail.com.
Web: www.comphonex.com

With Best Compliments From:

EPIC INSTRUMENTS & CHEMICALS CO.

Suppliers of Scientific Instruments, Chemicals, Glass Apparatus, Geography Apparatus & General Order Suppliers

Regd. Office:

59/1 K.G. Sarani, Post: Sahapur, Behala, Kolkata - 700 038 Contact Address: 18, S. K. Dab Road, 3rd Bye Lane, Kolkata-48

Contract No: 9433230630 / 9432733477 Email: epiccompany8@gmail.com GST No: 19AHLPRO1821125

DEALS IN:

Pocket PH Meter, Digital Balance, Thermoter, Thermo Hydronmeter, Moisture Meter, Stop Watch, Lux Meter, Sound Level Meter, Dissolve Oxygen Meter, Colour Comparator, Hydro Meter, Electrode, Covellla, Platinum Credla Sillea, Crueble, Coloni Meter, Conductivity Meter, Tubidity Miter, Zeal Maganative Bar, Lution Instruments, Merck, Loba, Borosil, Riviera, Buram, Hama, Himedia, Cqualigence, SDFCL, SRL.

= শৈলেন্দ্র সরকার বিদ্যালয় 🌢 শতবর্ষ স্মরণিকা 重

With Best Compliments From:

COMPHONEX JEWELLERY & GEMS

MELL WISHER

With Best Complianents From:

EPIC INSTRUMENTS & CHEMICALS CO.



schot PH Mette Digital Salance, Thermoler, Thermoler, Morouneter, Moisture Meter, Stop Walch, Law Unite Sonnd Tevel Meyer, Disspire Origina Siries, Colour Compacator, Updre Meter, Eberrode, Covella, Labores Cr. Ma Silica, Cruckle, Coloni Mater, Coductivity Merce, Tobuday Miter. Zeni Maganatur Barra Albert In Comments, Merch. Lohn, Barrail, Richers, Burran, Cana, Physica, Consilience, Street, SRL. Space Donated by:



SAILENDRA SIRCAR VIDYALAYA ALUMNI MADHYAMIK BATCH 1976

In fond memory of the alma mater